রাধা। (সমাশ্বস্য সাদরং।)
গিরীন্দ্র! ত্বং প্রেম্না প্রবর-বরিবস্যা বিরচনে
বরীয়ানিত্যঙ্কে তব বসতি শঙ্কে প্রভুরসৌ।
(ইতি কাকুমাতন্বতী।)
দরীদ্বারং দূরাদ্‌দ্রুতমিহ দরোদ্ঘাট্য দয়য়া
দুরন্তং দৈন্যোর্ম্মিং মম দময় দামোদর দৃশা ॥ ৪১ ॥

পুষ্পং তদিতি সঙ্গিতমিতি। অত্র পুনর্জলধরতয়া বিশেষজ্ঞানাৎ পুষ্পং ॥ ৪০ ॥
ললিতা-বিশাখেতি। সখি! সমাশ্বসিহি সমাশ্বসিহি ॥
রাধিতি। গিরীন্দ্রং স্তৌতি। বরিবস্যা সেবা। অঙ্কে ক্রোড়ে। দুরন্তং দুর্গমং। ভঙ্গস্তরঙ্গ উর্ম্মির্বাস্ত্রিয়ামিত্যমরাৎ। দৃশা দর্শনেন ॥ ৪১ ॥

সখি! নিশ্চয় জানিলাম, ইনি সে কান্ত নহেন, ইন্দ্রধনু ও বিদ্যুৎ-ভূষিত মধুর-মূর্ত্তি-নবজলধর পর্ব্বত অবলম্বন করিতেছে ॥ ৪০ ॥

(এই বলিয়া মূর্চ্ছিত হইলেন)॥

ললিতা ও বিশাখা। সখি! আশ্বস্ত হও, আশ্বস্ত হও ॥

শ্রীরাধা। (আশ্বাসিত হইয়া আদরের সহিত।)
গিরীন্দ্র! তুমি প্রেমসহকারে উৎকৃষ্ট সেবার পরিপাটীতে গরিষ্ঠ হইয়াছ, অতএব অনুমান হয় শ্রীকৃষ্ণ তোমার ক্রোড়ে বাস করিতেছেন।

(কাতরোক্তি বিস্তার করিয়া কহিলেন।)

(পুনর্নিভাল্য।)

কথমেষ ঝাংকারি-বারি-নির্ঝরায়িত-মহাশ্রুপুরো মৌনমেবাবলম্বতে ॥

(ইত্যঞ্জলিং বধ্নতী।)

গোবর্দ্ধন! ত্বমিহ গোকুলসঙ্গি-ভূমৌ
তুঙ্গৈঃ শিরোভিরভিপদ্য নভো বিভাসি।
তেনাবলোক্য হরিতঃ পরিতো বদাশু
কুত্রাদ্য বল্লবমণিঃ খলু খেলতীতি ॥ ৪২ ॥

কথমিতি। ঝাংকারীণি ঝংকারশব্দ-যুক্তানি যানি বারীণি তেষাং নির্ঝরবদাচরিতোঽশ্রু পুরো যস্য সঃ। গোবর্দ্ধন। ইতি গোকুলভূমৌ স্থিত্বা তুঙ্গৈঃ শৃঙ্গৈর্নভ আকাশমভিপদ্য প্রাপ্য বিভাসি তেন হেতুনা পরিতো হরিতো দিশোঽবলোক্যাশু বদ বল্লবমণিঃ কুত্রাদ্য খেলতি ॥ ৪২ ॥

অহে! দয়া প্রকাশপূর্ব্বক শীঘ্র দূর হইতে গুহাদ্বার উদ্ঘাটন করিয়া দামোদর-দর্শনদ্বারা আমার দুঃখতরঙ্গ নিবারণ কর ॥ ৪১ ॥

(পুনর্ব্বার দৃষ্টিপাত করিয়া।)

একি! গোবর্দ্ধন যে ঝাংকার-শব্দযুক্ত নির্ঝর-জলের ছলে অশ্রুপূর্ণ হইয়া মৌনাবলম্বন করিয়া রহিলেন ॥

(এই বলিয়া কৃতাঞ্জলিপুটে।)

হে গোবর্দ্ধন! তুমি গোকুলভূমিতে অবস্থিতিপূর্ব্বক উচ্চ শৃঙ্গ-সকলদ্বারা গগনস্পর্শী হইয়া বিরাজ করিতেছ। অতএব সকলদিকে দৃষ্টিপাত করিয়া শীঘ্র বল, আজ বল্লবমণি কোথায় ক্রীড়া করিতেছেন? ॥ ৪২ ॥

(কিঞ্চিদগ্রে গত্বা ।)

মকরন্দ-করম্বিতঃ কদম্বো

ননু সোঽয়ং চটুলাক্ষি ! যস্য মূলে ।

প্রচলাক-শলাকয়া হরিস্তে

কচপক্ষে রচয়াঞ্চকার চূড়াং ॥ ৪৩ ॥

(দক্ষিণতঃ প্রেক্ষ্য সবিক্রোশং ।)

সেয়ং গোবর্দ্ধনগিরিদরী-দ্বারি বিন্যস্ত-চিত্রা

যস্যামাস্তে বিচকিলময়ী কল্পিতা তেন শয্যা ।

দৃষ্ট্বাপ্যেনাং ললিতমভিতঃ স্মারয়ন্তীং পুরস্তাৎ

প্রাণান্ কণ্ঠে সখি ! বিচরতো ধিগ্‌বরাকানমমাস্ত ॥ ৪৪ ॥

রাধেতি । প্রচলাকশলাকয়া ময়ূরপিঞ্ছশলাকয়া ॥ ৪৩ ॥

বিচকিলময়ী মল্লিকাপুষ্পা প্রচুরা । এনাং দরীং শয্যাং বা ললিতং বিলাসং ॥ ৪৪ ॥

(কিঞ্চিৎ অগ্রে গমন করিয়া ।)

হে চঞ্চলাক্ষি ! সেই এই মকরন্দ-পরিপূর্ণ কদম্ববৃক্ষ অবলোকন কর, যাহার নিম্নদেশে হরি ময়ূরপুচ্ছ-শলাকাদ্বারা তোমার কেশকলাপে চূড়া রচনা করিয়াছিলেন ॥ ৪৩ ॥

(দক্ষিণদিকে নেত্র নিক্ষেপ করিয়া রোদনের সহিত ।)

সখি ! গোবর্দ্ধনগিরিগুহা-দ্বারে সেই এই চিত্র দেখ, যাহাতে শ্রীকৃষ্ণ-নির্ম্মিত মল্লিকাপুষ্পের শর্য্যা বিস্তৃত রহিয়াছে, যদবলোকনে মনোজ্ঞ বিলাস-সকল স্মরণ হইতেছে, হা কষ্ট ! সেই শয্যা-অগ্রে দেখিয়াও এযাবৎ কণ্ঠে ক্ষুদ্র প্রাণ-সকল ভ্রমণ করিতেছে, অতএব ইহাদিগকে ধিক্ ॥ ৪৪ ॥

(ইতি বৈক্লব্যং নাটয়ন্তী।)

দৃষ্টঃ কুঞ্জগণো ব্যলোকি নিখিলং বৃন্দাটবী-কোটরং
নির্ব্বন্ধেন নিভালিতা চ নিবিড়া ভাণ্ডীর-ভূমণ্ডলী।
প্রত্যঙ্গং মুহুরীক্ষিতং সখি! ময়া সোঽয়ঞ্চ গোবর্দ্ধনো
লব্ধঃ কাপি ন তস্য হন্ত ললিতে! গন্ধোঽপি বন্ধোস্তব ॥৪৫

ললিতা। হলা! কুড়ুঙ্গে লুক্কিদো মাহবো তুএ কিত্তিঅ-বারং ণ লদ্ধোত্থি তাং ণিব্বিণ্ণা মা হোহি ॥

রাধা। (পরিক্রম্য সসম্ভ্রমং) সাধু ললিতে! সাধু সাধু, পশ্য দূরাদক্রূরেণ সার্দ্ধং পুরঃ স্যন্দনমারূঢ়োঽয়ং নন্দ-নন্দনঃ তদেনং কণ্ঠগ্রাহমবরোহয়িষ্যে ॥

দৃষ্টেতি। নিঃসঙ্কোচেন। নিভালিতা দৃষ্টা ॥ ৪৫ ॥

ললিতেতি। সখি! কুঞ্জে লুকায়িতো মাধবস্ত্বয়া কাতিবারং ন লব্ধোঽস্তি তস্মান্নির্বিণ্ণা মা ভব ॥

রাধেতি। সব্যাগ্র তমালতরুং গিরিশৃঙ্গং দৃষ্ট্বাহ, কণ্ঠগ্রাহং কণ্ঠে গৃহীত্বা। অবরোহয়িষ্যে উত্তারয়িষ্যামি কথমিতি। কথং সর্ব্বমন্যথাঽনভীষ্টমভূৎ ॥ ৪৬ ॥

(এই বলিয়া ব্যাকুলতা প্রকাশপূর্ব্বক।)

হা কষ্ট! সখি! কুঞ্জ-সকল অবলোকন করিলাম, নিঃশঙ্কে নিবিড় ভাণ্ডীর-ভূমণ্ডলী দেখিলাম এবং বারম্বার গোবর্দ্ধনের অঙ্গ প্রত্যঙ্গও তত্ত্ব করিলাম, কিন্তু হে ললিতে! কোন স্থানে তোমার সেই বন্ধুর গন্ধও প্রাপ্ত হইলাম না ॥ ৪৫ ॥

ললিতা। সখি! কুঞ্জমধ্যে মাধব কতবার লুকায়িত হইয়াছিলেন, তুমি কি তাঁহাকে প্রাপ্ত হও নাই, অতএব হতাশ হইও না ॥

শ্রীরাধা। (প্রত্যাবর্ত্তন পূর্ব্বক সব্যাগ্র তমালতরু ও গিরিশৃঙ্গ

(ইতি তদভ্যর্ণমাসাদ্য স ব্যথং ।)

গিরেঃ শৃঙ্গং স্বর্ণস্তবকিতমিদং হন্ত ! ন রথ-

স্তমালোঽসৌ নীলদ্যুতিরিহ ন গোপী-রতিগুরুঃ ।

বলী শার্দ্দূলোঽয়ং ন হি নৃপতিদূতঃ সখি ! পুরো

বিধাতুর্বামত্বাৎ কথমিতরথা সর্ব্বমুদভূৎ ॥ ৪৬ ॥

(ইতি মূর্চ্ছতি) ॥

বিশাখা । (সাবেগং) ললিদে ! জাব ভিসিণীদ-লাইং আণেমি তবণং পড়ঞ্চলেণ বীএহি ॥

বিশাখেতি । ললিতে ! যাবৎ বিষিণী-দলানি পদ্মদলানি আনয়ামি তাব-দেনাং পটাঞ্চলেন বীজয় ॥

অবলোকন করিয়া ব্যস্ততার সহিত) সাধু ললিতে । সাধু সাধু, দূরে অবলোকন কর, সম্মুখে নন্দ-নন্দন অক্রূরের সহিত রথোপরি আরোহণ করিয়া রহিয়াছেন, তবে আর কেন ? চল, উহাঁর কণ্ঠ ধারণ করিয়া রথ হইতে অবতরণ করাইগা ॥

(এই বলিয়া সম্মুখে গমন করিয়া ব্যথার সহিত ।

হায় ! এ যে স্বর্ণস্তবকভূষিত পর্ব্বতশৃঙ্গ, এত রথ নয়, ইহা নীলবর্ণ তমালতরু, গোপী-রতিগুরু শ্রীকৃষ্ণ নহেন, অপর এটা যে বলবান্ শার্দ্দূল, রাজদূত অক্রূর নহেন, হে সখি ! বিধাতা প্রতিকূল হওয়ায় সকলই কি বিপর্য্যয় ঘটিল ! ॥৪৬॥

(এই বলিয়া মূর্চ্ছিত হইলেন) ॥

বিশাখা । (আবেগের সহিত) ললিতে ! যাবৎ আমি নলিনী দল আনয়ন না করি, তাবৎ তুমি বস্ত্রাঞ্চলদ্বারা ইহাঁকে বীজন কর ॥

(ইতি ধাবতি) ॥

(নেপথ্যে ।)

বিরহভরমুদীর্ণং প্রেক্ষ্য রাধাতিদৈন্যং
স্ফুটমখিলমশুষ্যন্মানসী হন্ত ! গঙ্গা ।
অহহ রবিতুরঙ্গাজীব্য শৃঙ্গাগ্র-দূর্ব্বঃ
শত-ভুজমিতিরাসীদেষ গোবর্দ্ধনোঽপি ॥ ৪৭ ॥

রাধা । (প্রবুধ্য স প্রণয়ের্ষং) হলা রাহে ! মুঞ্চ অলিঅমাণ-দুল্ললিত্তণং ॥

বিরহেতি । রবিতুরঙ্গানামাজীব্যা জীবিকারূপা শৃঙ্গাগ্রবর্ত্তি-দূর্ব্বা যস্য সঃ। শত-ভুজমিতিঃ শত-হস্তপরিমাণঃ। গোবর্দ্ধনঃ শত হস্তপরিমিতঃ আসীৎ সঙ্কুচিতো ভবতীত্যর্থঃ ॥ ৪৭ ॥

রাধেতি । প্রবুধ্যাত্মনং ললিতাং মত্বা ললিতান্তু রাধাং মত্বাহ । সখি রাধে ! মুঞ্চ অলীকমান-দুর্ললিতত্বং ॥

(এই বলিয়া ধাবমানা হইলেন) ॥

(বেশগৃহে ।)

শ্রীরাধার নিখিল-বিরহভর-সমুৎপন্ন-দৈন্যাতিশয় অবলোকন করিয়া মানসী-গঙ্গা শুষ্ক হইয়াছেন, হা কষ্ট ! যাহার শৃঙ্গাগ্রে সূর্য্যাশ্ব-সকল দূর্ব্বা-ভোজন করিত, সেই গোবর্দ্ধনও শত-হস্তপরিমিত হইয়া সঙ্কুচিত হইলেন ॥ ৪৭ ॥

শ্রীরাধা । (চেতন হইয়া আপনাকে ললিতা ও ললিতাকে রাধা জ্ঞান করিয়া প্রণয় এবং ঈর্ষার সহিত) সখি রাধে ! অলীকমান-দুর্ললিতত্ব পরিত্যাগ কর ॥

ললিতা। (নিশ্বস্য নম্রী ভবতি) ॥

রাধা। হলা রাহে! এসো দে পঅসদ্দ দিণ্ণ কণ্ণো কেলি-
কুড়ুঙ্গে প্পবিসদি কহ্নো ॥
(ইতি ললিতায়াঃ পদান্তে পতন্তী।)
মুকুন্দোঽয়ং কুন্দোজ্জ্বলপরিসরং কুঞ্জময়তে
লতালী চ স্মেরা-মধুপবিরুতৈস্ত্বাং ত্বরয়তি।
তদুত্তিষ্ঠোন্মত্তে ন তুদ পদলগ্নাং সহচরীং
দুরাপস্তে মৌগ্ধ্যাদ্বিরমতি বরীয়ানবসরঃ ॥ ৪৮ ॥

ললিতা। হা হতম্মি! দেব্ব হদএণ।

পুনঃ রাধেতি। সখি রাধে! এষ তে পদশব্দ-দত্তকর্ণঃ কেলিনিকুঞ্জে প্রবিশতি কৃষ্ণঃ ॥

মুকুন্দ ইতি। ন তুদ ন ব্যথয়। বিরমতি বৃথা গচ্ছতি ॥ ৪৮ ॥

ললিতেতি। হা হতাস্মি! দৈব হতকেন ॥

ললিতা। (নিশ্বাস পরিত্যাগ করিয়া বদন অবনত করি-
লেন) ॥

শ্রীরাধা। সখি রাধে! তোমার পদশব্দে কর্ণ-সমর্পণ করিয়া
শ্রীকৃষ্ণ কেলিনিকুঞ্জে প্রবেশ করিতেছেন ॥
(এই বলিয়া ললিতার পদোপান্তে পতিত হইয়া)
সখি! মুকুন্দ কুন্দকুঞ্জে গমন করিতেছেন, লতা-সকল হাস্যবদনে মধুকর-ঝঙ্কারদ্বারা তোমাকে ত্বরান্বিত করিতেছে, অতএব হে উন্মত্তে! গাত্রোত্থান কর, পাদলগ্না সহচরীকে আর ব্যথিত করিও না, তোমার মুগ্ধতা নিমিত্ত দুর্লভ উৎকৃষ্ট অবসর বৃথা যাইতেছে ॥ ৪৮ ॥

ললিতা। হা হত! দৈব-কর্ত্তৃক হত হইলাম।

(ইতি ফুৎকৃত্য রোদিতি) ॥

বিশাখা। (সম্ভ্রমাদুপেত্য) ললিদে! কিং কৃখু এদং ধীরা
হোহি ॥

রাধা। (সবিস্ময়ং) সহি! কিং কৃখু তুমং চ্চেঅ ললিদাসি ॥

ললিতা। (সগদ্গদং) অধইং ॥

রাধা। অম্মহে! সচ্চং ভণদি, জং অহং রাহন্মি ॥
(সমন্তাদ্বিলোক্য।)
ণুণং বণমালিআ পুপ্ফাইং বিএদুং এত্থ পত্থন্মি।
তা কহ্নস্স কণ্ণপূরকিদে মল্লিত্থবঅং গেহ্নিস্সং ॥

বিশাখেতি। ললিতে! কিং খল্বেতৎ ধীরা ভব ॥

রাধেতি। সখি! কিং খলু ত্বমেব ললিতাসি ॥

ললিতেতি। অথ কিং ॥

রাধেতি। অহো! সত্যং ভণতি, যদহং রাধিকাস্মি ॥

পুনঃ রাধাহ। নূনং বনমালিকা পুষ্পাণি বিচেতুং। অত্র প্রাপ্তাস্মি কৃষ্ণ-
কর্ণপূরকৃতে মল্লিকাস্তবকং গ্রহীষ্যামি ॥

(এই বলিয়া ফুৎকারপূর্ব্বক রৌদন করিতে লাগিলেন) ॥

বিশাখা। (সম্ভ্রমের সহিত নিকটে আসিয়া) ললিতে! এ
কি! ধৈর্য্য ধারণ কর ॥

শ্রীরাধা। (বিস্ময়ের সহিত) সখি! তুমিই কি ললিতা ? ॥

ললিতা। (গদ্গদস্বরে) হাঁ তাই বটে ॥

শ্রীরাধা। অহো! সত্য বলিতেছ, তবে আমিই রাধা ॥
(চতুর্দ্দিকে দৃষ্টিপাত করিয়া।)
নিশ্চয় আমরা বনমালার পুষ্প-সকল চয়ন করিতে এ স্থানে

(ইতি পুষ্পবাটিকামুপেত্য সাতঙ্কং ।)
কিমগ্রে মল্লীনাং স্খলতি কলিকাশ্রেণিরধুনা
সরোজানাং কিম্বা ত্রুটিতি পরিতো কোরক ততিঃ ।
কথং বা জাতীনাং দধতি মুকুলাঃ শ্যামলরুচং
হরের্ব্বৃন্দারণ্যে দ্রুতমহহ কেয়ং গতিরভূৎ ॥ ৪৯ ॥

উভে । নূণং মহাদাবাগ্নিজ্বালাবিলীঢা এসা বণত্থলী ॥

রাধা । ললিদে ! ণ জাণে তীকৃখদাবাণলকীলা-বিলীঢং ব্ব

কিমিতি । কেয়ং দুঃখরূপা গতিরভূৎ ॥ ৪৯ ॥

উভেতি । নূনং দাবাগ্নিজ্বালা-বিলীঢ়া এষা বনস্থলী ॥

রাধেতি । ললিতে ! ন জানে তীক্ষ্ণদাবানলজ্বালা-বিলীঢ়ং আস্বাদিতমিব

আসিয়াছি, তবে শ্রীকৃষ্ণের কর্ণভূষণ নিমিত্ত মল্লিকাগুচ্ছ গ্রহণ করি ॥

(এই বলিয়া পুষ্পোদ্যানে প্রবেশপূর্ব্বক আতঙ্কের সহিত ।)

হায় ! সম্মুখে মল্লিকা-কলিকা-সকল স্খলিত হইতেছে কেন ! কদম্ব-সকলের মঞ্জরিসমূহই বা চতুর্দ্দিকে ত্রুটিত হইতেছে কেন ! কেনই বা জাতিপুষ্পা-সকল শ্যামকান্তি ধারণ করিল ! হায় ! হঠাৎ শ্রীহরির বৃন্দাবনে এ কি দুর্গতি উপস্থিত হইল ! ॥ ৪৯ ॥

ললিতা ও বিশাখা । সখি ! অনুমান হয়, মহাদাবানলের জ্বালায় এই বনস্থলী দগ্ধ হইতেছে ॥

শ্রীরাধা । ললিতে ! জানি না, আজ আমার চিত্ত তীক্ষ্ণদাবা-

কীস অজ্জ মে চিত্তং প্ফুড়িভাদি, তা দিট্‌ঠিমেত্ত মহিদ-
পঅণ্ডদাবমণ্ডলং দে বঅস্‌সং অণুসরম্ক ॥

ললিতা। এদু এদু পিঅসহী।

(ইতি তিস্রঃ পরিক্রামন্তি) ॥

রাধা। (সহর্ষং) ণাদিদূরে গোউলেন্দণন্দণো ভবে জং এসা
গোমণ্ডলী লক্‌খিঅদি ॥

(ইতি পরিক্রম্য সোদ্বেগং।)

চরতি ন পুনঃ শষ্পং বাষ্পপ্রবাহি-বিলোচনা
মুখপরিসরে লব্ধোদ্‌ঘূর্ণাম্ন লেঢ়ি চ তর্ণকান্।

কস্মাদদ্য মে চিত্তং প্রতিভাতি, তস্মাৎ দৃষ্টিমাত্র-মথিত-প্রচণ্ডদাবমণ্ডলং তে বয়স্যমনুসরাবঃ ॥

ললিতেতি। এতু এতু প্রিয়সখী ॥

রাধেতি। নাতিদূরে গোকুলেন্দ্র-নন্দনো ভবেৎ। যদেষা গোমণ্ডলী দৃশ্যতে ॥

চরতীতি। বাষ্পপ্রবাহযুক্তে বিলোচনে যস্যাঃ সা। লব্ধা উদঘূর্ণা তর্ণকান

নল-পরিব্যাপ্তের ন্যায় প্রকাশ পাইতেছে কেন? তবে
চল, দৃষ্টিমাত্র দাবানল-বিনাশকারি (তোমার) বয়স্যের
অনুসরণ করি ॥

ললিতা। এস এস, প্রিয়সখী।

(এই বলিয়া তিন জনের গমন) ॥

শ্রীরাধা। (হর্ষের সহিত) সখি! গোপেন্দ্রনন্দন বোধ হয়
অধিক দূরে নয়, ঐ দেখ গোমণ্ডলী দেখা যাইতেছে ॥

(এই বলিয়া প্রত্যাবর্ত্তনপূর্ব্বক উদ্বেগের সহিত।)

হরি হরি! সখি! শ্রীকৃষ্ণের ধেনুগণ অগ্রে তৃণ দেখিয়া

কিমিতি হরিতো হম্বারাবৈরিয়ং সখি ! ভিন্দতী
হরি হরি ! হরের্ধেনুশ্রেণী পরং পথি শীর্য্যতে ॥ ৫০ ॥
(নেপথ্যে।)
দংশঃ কংসনৃপস্য বক্ষসি রুষা কৃষ্ণোরগেণার্প্যতাং
দূরে গোষ্ঠ-তড়াগ-জীবনমিতো যেনাপজহ্রে হরিঃ।
হা ধিক্ ! কঃ শরণং ভবেন্মৃদিলুঠদ্গাত্রীয়মন্তঃ-ক্লমা-
দাভীরী শফরী ততিঃ শিথিলিত-শ্বাসোর্ম্মিরামীলতি ॥৫১॥

বৎসান্ ন লেঢ়ি-জিহ্বয়া নাস্বাদয়তি, হে সখি ! হরিরিয়ং ধেনুশ্রেণী পথি কিমিতি শীর্য্যতে ॥ ৫০ ॥

দংশ ইতি। কৃষ্ণবর্ণেণোরগেণ, পক্ষে কৃষ্ণরূপেণোরগেণ। শরণং রক্ষতা। অন্তিমাবস্থাং প্রাপ্নোতি ॥ ৫১ ॥

কেন ভোজন করিতেছে না ? বৎস-সকল মুখ-সমীপে আসিয়া উপস্থিত হইয়াছে, তথাপি তাহাদিগকে কেন লেহন করিতেছে না ? কেনই বা হম্বারবে দিক্-সকল ভেদ করিতেছে ? এবং পথিমধ্যে বিশীর্ণ ই বা কেন ? ॥ ৫০ ॥

(বেশগৃহে।)

যে কংসভূপতি এ স্থান হইতে ব্রজতড়াগ-জীবন শ্রীকৃষ্ণকে দূরে আকর্ষণ করিয়া লইয়া গিয়াছে, তাহার বক্ষঃস্থলে সরোষ-কৃষ্ণ-সর্প দংশন করুক, হা কষ্ট ! আন্তরিক ক্লেশবশতঃ ভূমিতে লুণ্ঠিত-শরীরা এই অভীরী-সফরী-সকল নিশ্বাসতরঙ্গের শিথিলতাসহকারে অন্তিমাবস্থা প্রাপ্ত হইতে লাগিল, এখন কে রক্ষা করিবে ! ॥ ৫১ ॥

রাধা। (সোৎকম্পং ঘূর্ণন্তী মূর্চ্ছতি) ॥

ললিতা। হলা ! সমসস্স সমসস্স ॥

রাধা। (চক্ষুরুন্মীল্য নভো বিলোকয়ন্তী) দেব দিবাকর ! নমস্যতি রাধিকা সাধয়াভীষ্টং ॥

বিশাখা। (স সম্ভ্রমং) সহস্স-ভাণুণা মঙ্গলং আসংসিদং ॥

রাধা। (অশ্রুতিমভিনীয়।) হন্ত ! হন্ত !

বিষূচীনৈর্নীতা মধুরিম-পরীতৈর্মধুভিদঃ
পদৈর্বৈলক্ষণ্যং কিমপি জগতী-লোচনহরং।

ললিতেতি। সখি ! সমাশ্বসিহি সমাশ্বসিহি ॥

বিশাখেতি। সহস্র-ভানুনা মঙ্গলমাশংসিতং ॥

রাধেতি। বিষূচীনৈঃ সর্ব্বত্র ব্যাপকৈর্মুরভিদঃ পদৈর্জগতী লোচনহরং

শ্রীরাধা। (উৎকম্পের সহিত ঘুরিতে ঘুরিতে মূর্চ্ছিত হইয়া পড়িলেন) ॥

ললিতা। সখি ! আশ্বস্ত হও, আশ্বস্ত হও ॥

শ্রীরাধা। (চক্ষু উন্মীলনপূর্ব্বক আকাশের প্রতি দৃষ্টিপাত করিয়া) দেব দিবাকর ! শ্রীরাধা আপনাকে নমস্কার করিতেছে, আপনি অভীষ্ট-সিদ্ধি করুন ॥

বিশাখা। (সম্ভ্রমের সহিত) সখি ! সূর্য্যদেব সহস্র-রশ্মি মঙ্গল-বিধান করিলেন ॥

শ্রীরাধা। (শুনিতে না পাইয়া) হা কষ্ট ! হা কষ্ট !

সখি ! সর্ব্বদিক্-ব্যাপি মধুসূদনের পদচিহ্নসমূহদ্বারা এই তপন-তনয়ার তীরবর্ত্তি-ভূমি জগতের মনোহর কোন বৈলক্ষণ্য

ইয়ং তীরক্ষৌণী তরণি-তনয়ায়াঃ সখি! দৃশো-
র্ব্রজন্তী পন্থানং মম করণবৃত্তীর্জ্জরয়তি ॥ ৫২ ॥

ললিতা। হলা! এত্থ পুলিনে সূরং আরাহিঅ অহিট্ঠং অব্ভ-
ত্থেম্হ ॥

রাধা। (পুলিনে লুঠন্তী।)
ত্বমস্মাকং যস্মিন্ পশুপরমণীনাং রচিতবান্
সদা ভূয়ো ভূয়ঃ প্রণয়-গহনাং তুষ্টিলহরীং।
তদেতৎ কালিন্দীপুলিনমিহ খিন্নাঃ কিমধুনা
পরীরম্ভাদম্ভোরুহমুখ! ন সম্ভাবয়সি নঃ ॥ ৫৩ ॥

কিমপি বৈলক্ষণ্যং নীতা সতি, যং তরণি-তনয়ায়াস্তীরক্ষৌণী দৃশোঃ পন্থানং ব্রজন্তী মমেন্দ্রিয়বৃত্তির্জ্জরয়তি বিবশাঃ করোতীত্যর্থঃ ॥ ৫২ ॥

ললিতেতি। সখি! অত্র পুলিনে সূর্য্যমারাধ্যাভীষ্টমর্থয়ামঃ ॥

রাধেতি। হে অম্ভোরুহমুখ! অধুনা কিমিহ পুলিনে খিন্নান্নঃ পরিরম্ভান্ন সম্ভাবয়সি ন সম্পন্নয়সি ॥ ৫৩ ॥

প্রাপ্ত হইয়া নেত্রপথে গমন করতঃ আমার ইন্দ্রিয়বৃত্তি-সকল বিবশ করিয়া দিল ॥ ৫২ ॥

ললিতা। সখি! এই পুলিনে সূর্য্য-আরাধনা করিয়া অভীষ্ট প্রার্থনা করি ॥

শ্রীরাধা। (পুলিনে লুণ্ঠিত হইয়া।)
কৃষ্ণ! তুমি যে স্থানে সর্ব্বদা পশুপরমণী আমাদিগের সম্বন্ধে বারম্বার গাঢ় প্রণয়সহকারে সন্তোষলহরী বিরচন করিয়াছিলে, সেই এই যমুনাপুলিন, ইহাতে আমরা খিন্ন হইতেছি, হে পদ্মবদন! এখন আলিঙ্গনদ্বারা আমাদিগকে কেন সুখী করিতেছ না? ॥ ৫৩ ॥

ললিতা। (কালিন্দীমবলোক্য।)

বহিণি ! মিহিরবংসুত্তংসরূবে, তু অত্তো

মহুমহণ পউত্তিং লদ্ধুকামাগদম্হি।

রাধা। যদজনি মণি-হর্ম্ম্যস্পর্দ্ধি কুঞ্জানুবিদ্ধং

তব সখি ! নব রোধস্তস্য লীলাবরোধঃ ॥

(ইতি মূর্চ্ছতি) ॥

বিশাখা। ললিদে ! বণমালিণো ণিম্মাল্ল-মালং ণাসাসিহরে অপ্পেহি।

(ইত্যুভে তথা কুরুতঃ) ॥

ললিতেতি। ভগিনি ! মিহিরবংশোত্তংসরূপে ত্বত্তো মধুমথনপ্রবৃত্তিং লব্ধু-কামাগতাস্মি ॥

রাধেতি। ললিতোক্তপদ্যার্দ্ধং পূরয়তি যদিতি। রোধঃ কূলং অবরোধঃ গৃহং ॥

বিশাখেতি। ললিতে ! বনমালিনো নির্ম্মাল্য-মালাং নাসাশিখরেঽর্পয় ॥

ললিতা। (যমুনা অবলোকন করিয়া।)

ভগিনি ! তুমি সূর্য্যবংশের ভূষণ-স্বরূপা, তোমার নিকট মধুমথনের বৃত্তান্ত জানিবার নিমিত্ত আসিয়াছি।

শ্রীরাধা। সখি যমুনে ! মণিময় হর্ম্ম্যস্পর্দ্ধাকারি-কুঞ্জবিশিষ্ট তোমার যে নূতন কূল শ্রীকৃষ্ণের ক্রীড়াগৃহ হইয়াছিল ॥

(এই বলিতে বলিতে মূর্চ্ছিত হইয়া পড়িলেন) ॥

বিশাখা। ললিতে ! বনমালির নির্ম্মাল্য-মালা নাসাগ্রে অর্পণ কর।

(এই বলিয়া দুই জনে তাহাই করিলেন) ॥

রাধা। (চিরাৎ প্রবুদ্ধ্য) ললিতে! সমাকর্ণয়,
দৃষ্টঃ কোঽপি ভয়ঙ্করঃ সখি! ময়া স্বপ্নো বলীয়ানভূ-
দেতস্মিন্নপি মে প্রতীতি রচনা জাগ্রদ্দশেত্যুদগতা।
দূতঃ কোঽপি দুরাগ্রহঃ ক্ষিতিপতেরাগত্য বৃন্দাটবীং
কৃষ্ণং হন্ত! রথেন (ইত্যর্দ্ধোক্তে)
শান্তমহহ ক্ষেমং ব্রজে তিষ্ঠতু ॥ ৫৪ ॥

তদহং দুঃস্বপ্নবিপাকশান্তয়ে কলিন্দনন্দিন্যাং কৃতাভি-
ষেকা মুকুন্দং পশ্যেয়ং ॥

বিশাখা। হলা! খেলাতিত্থং গচ্ছম্হ, জহিং সদা মুউন্দো
খেলদি।

রাধেতি। দৃষ্ট ইত্যাদি। এতস্মিন্ স্বপ্নে কৃষ্ণং হন্ত! রথেন সত্বরতয়া নীত্বা পুরং গচ্ছতীতি বক্তুমশক্ততয়া শান্তমহহ ক্ষেমং ব্রজে তিষ্ঠত্বিত্যনেন পদাবশিষ্টং পূরিতবতী। বাক্কেলিনাম বীথ্যঙ্গমিদং। তল্লক্ষণং, সাকাঙ্ক্ষস্যৈব বাক্যস্য বাক্কেলিঃ স্যাৎ সমাপ্তিত ইতি। শান্তমিত্যাদি বাক্কেলিঃ ॥ ৫৪ ॥

শ্রীরাধা। (বহুক্ষণ পরে চেতন হইয়া) ললিতে! শ্রবণ কর,
সখি! কোন ভয়ঙ্কর স্বপ্ন দেখিয়াছি, ঐ স্বপ্নেই আমার
চৈতন্য-সম্পাদিনী জাগ্রদ্দশা আসিয়া উপস্থিত হইল, স্বপ্নে
দেখিলাম, এক জন দুরাত্মা রাজদূত বৃন্দাবনে আসিয়া
শ্রীকৃষ্ণকে রথের দ্বারা (এই বলিয়া অর্দ্ধোক্তির পর)
আহা! বৃন্দাবনে সুস্থিররূপে মঙ্গল বিরাজ করুক ॥৫৪॥
তবে আমি দুঃস্বপ্নজনিত পাপক্ষয় নিমিত্ত যমুনায় অবগা-
হন করিয়া মুকুন্দ সন্দর্শন করিগা ॥

(ইতি সর্ব্বাঃ পরিক্রামন্তি) ॥

(ততঃ প্রবিশতি বৃন্দা মুখরা চ।)

মুখরা। বচ্ছে! কিং করেদি রাহী ॥

বৃন্দা। আর্য্যে! পশ্যেয়ং, বিশাখয়া সহ খেলাতীর্থমবগাহতে ॥

রাধা। (তুঙ্গাং তরঙ্গশোভাং বিলোক্য।)

বিশাখে! সাধু সাধু যদদ্য খেলাতীর্থমুপনীতাস্মি।

পশ্য, নীলাম্বুজবনীনিলীনস্তব সখা বিস্তৃতভুজার্গলঃ খেলতি ॥

বিশাখেতি। সখি! খেলাতীর্থং গচ্ছামঃ যত্র সদা মুকুন্দঃ খেলতি। খেলাতীর্থং কালীহ্রদং ॥

মুখরেতি। বৎসে! কিং করোতি রাধা ॥

বিশাখা। সখি! আমরা খেলাতীর্থে অর্থাৎ কালিয়হ্রদে গমন করি, ঐ স্থানে সর্ব্বদা মুকুন্দ ক্রীড়া করিয়া থাকেন।

(এই বলিয়া সকলের প্রস্থান) ॥

(অনন্তর বৃন্দা ও মুখরার প্রবেশ।)

মুখরা। বৎসে! শ্রীরাধা কি করিতেছেন? ॥

বৃন্দা। আর্য্যে! দেখুন, বিশাখার সহিত শ্রীরাধা খেলাতীর্থে অবগাহন করিতেছেন ॥

শ্রীরাধা। (উচ্চ তরঙ্গশোভা অবলকন করিয়া।)

বিশাখে! তুমি আজ আমাকে খেলাতীর্থে আনয়ন করিলা। দেখ, তোমার সখা নীলকমল-বনে বিলীন হইয়া ভুজার্গলদ্বারা ক্রীড়া করিতেছেন ॥

(ইত্যুভে নিষ্ক্রান্তে) ॥

বিশাখা। অদো ওদরেহি ॥

ললিতা। (বিলোক্য সবিক্রোশং) হদ্ধী হদ্ধী ! হদম্হি হদম্হি! এসা পিঅসহী বিসাহাএ সদ্ধং গহিরপবাহে ণিমগ্গা জ্জেব্ব ণ উণ ইদো উত্থিদা, তা তুণ্ণং দোণং তইআ ভবিস্সং ॥

(ইত্যবরণং নাটয়তি) ॥ ৫৫ ॥

মুখরা। (সাস্রং) হা দেব্ব হা দেব্ব ! কিং ক্খু এদং ॥

বিশাখেতি। ততোঽবতর ॥

ললিতেতি। তয়োর্জলপ্রবেশং দৃষ্ট্বা ! হা ধিক্ হা ধিক্ ! হতাস্মি এষা প্রিয়সখী বিশাখয়া সহ গভীরপ্রবাহে নিমগ্না এব ন পুনরপি উত্থিতা তস্মাত্তূর্ণং দ্বয়োস্তৃতীয়া ভবিষ্যে ॥ ৫৫ ॥

মুখরেতি। হা দৈব হা দৈব ! কিং খল্বিদং ॥

(এই বলিয়া দুই জনে যমুনায় প্রবেশ করিলেন) ॥

বিশাখা। তবে অবতরণ কর ॥

ললিতা। (শ্রীরাধা ও বিশাখার জলপ্রবেশ অবলোকন করিয়া রোদন করিতে করিতে) হা ধিক্ হা ধিক্ ! হত হইহইলাম, এই প্রিয়সখী বিশাখর সহিত গভীর-প্রবাহে নিমগ্না হইলেন, এ স্থান হইতে পুনর্ব্বার আর উঠিলেন না, তবে আমিও শীঘ্র গিয়া দুই জনের মধ্যে তৃতীয় হই॥

(এই বলিয়া যমুনাপ্রবেশে উদ্যত) ॥ ৫৫ ॥

মুখরা। অশ্রুমোচন করিতে করিতে) হা দৈব হা দৈব ! এ কি হইল ! ॥

বৃন্দা। (সাক্রন্দং) ধিক্ ! কেয়ং গতিরুপস্থিতা ॥

(ইত্যার্ত্তিং নাটয়ন্তী।)

আর্য্যে ! মন্যুনাবতিতীর্ষং তরসা ধারয় ললিতাং ॥

(ইত্যুভে তথা কুরুতঃ) ॥

ললিতা। (বিলোক্য স্বগতং) হদ্ধী হদ্ধী ! গরিট্ঠো বিগ্ঘো উবট্ঠিদো, তা কেণাবি ববদেসেণ ইদো ণিক্কমিঅ গোঅ-ঢ্ণে ভিউপড়ণেণ ণং পিঅজণবিওঅদংসণেণাবি অবিদিণ্ণং শিলাকঢিণং তণুঅং সিলাহিং চুণ্ণইস্সং ॥

(ইত্যুভে তথা কুরুতঃ)। মুখরা বৃন্দা ললিতাং ধারয়তঃ ॥

ললিতেতি। হা ধিক্ হা ধিক্ ! গরিষ্ঠঃ বিঘ্ন উপস্থিতঃ, তৎ কেনাপি ব্যপদেশেন ইতো নিষ্ক্রম্য গোবর্দ্ধনে ভৃগুপতনেন প্রিয়জনবিয়োগদর্শনেনাপি অবিদীর্ণাং শিলা-কঠিনাং তনুং শিলাভিশ্চূর্ণয়িষ্যামি ॥

বৃন্দা। (রোদন করিতে করিতে) ধিক্ ! এ কি গতি উপ-স্থিত ! ॥

(এই বলিয়া পীড়া অভিনয়পূর্ব্বক।)

আর্য্যে ! ললিতা শোকাবেশবশতঃ অবতরণ করিতে-ছেন, অতএব শীঘ্র ধারণ করুন ॥

(এই বলিয়া মুখরা ও বৃন্দা গিয়া ললিতাকে ধারণ করি-লেন) ॥

ললিতা। (অবলোকন করিয়া মনে মনে) হা ধিক্ হা ধিক্ ! গুরুতর বিঘ্ন উপস্থিত, তবে কোন ছলে এ স্থান হইতে গোবর্দ্ধনে গমন করি, তথায় ভৃগুপতনদ্বারা প্রিয়বিয়োগ-

(ইতি শোকাবেগমপহ্নুত্য প্রকাশং।)

অজ্জে! মুঞ্চেহি মং অহং গদুঅ এদং অচ্চরিঅং বুত্তং ভঅবদী পহুদীণং বিণ্ণবিস্সং ॥

(ইতি নিষ্ক্রান্তা) ॥

(আকাশে।)

প্রভুর্ভবতি কঃ কৃতী মহিমপূরমস্যাঃ পরং
নিরূপয়িতুমুজ্জ্বলং জগতি গোপবাম ভ্রুবঃ।
মুনীন্দ্র-কুলদুর্লভাং নবতড়িদ্বিলাসাদ্য যা
ভিদাং সহ বয়স্যয়া মিহিরমণ্ডলস্যাকরোৎ ॥ ৫৬ ॥

আর্য্যে! মুঞ্চ মাং অহং গত্বা এতদাশ্চর্য্যং বৃত্তং বৃত্তান্তং ইতি যাবৎ ভগবতী প্রভৃতীনাং বিজ্ঞাপয়িষ্যামি। ভগবতী-প্রভৃতীনাং কর্ম্মণি ষষ্ঠী ॥ ৫৬ ॥

দর্শনে অনিদীর্ণ শিলাতুল্য, এই কঠিন শরীর পাষাণ-সকলের দ্বারা চূর্ণ করিব ॥

(এই বলিয়া শোকাবেগে সম্বরণপূর্ব্বক প্রকাশ করিয়া।)

আর্য্যে! আমাকে ছাড়িয়া দিউন, আমি গিয়া এই আশ্চর্য্য বৃত্তান্ত ভগবতী প্রভৃতিকে জানাইগা ॥

(এই বলিয়া প্রস্থান) ॥

(আকাশে অর্থাৎ আকাশবাণী।)

জগৎ মধ্যে এমন কৃতি কে আছে যে, এই গোপসুন্দরী শ্রীরাধার মহিমারাশি নিরূপণ করিতে সমর্থ হইবে! আহা! নবতড়িদ্বিলাসিনী গোপসুন্দরী আজ সখীর সহিত মুনীন্দ্রকুল-দুর্লভ সূর্য্যমণ্ডলকেও ভেদ করিলেন! ॥ ৫৬ ॥

বৃন্দা। আর্য্যে! শ্রূয়তাং, রাধিকায়াঃ সিদ্ধিরমীভির্মেঘান্ত-
রিতৈঃ সিদ্ধৈঃ শ্লাঘ্যতে ॥

মুখরা। (ভূতলে লুঠন্তী) হা হা ণত্তিণি রাহে! কহিং গদাসি ॥

বৃন্দা (সখেদং।)

অহহ গহনমেতচ্চিন্তয়ন্তী সমন্তাৎ
কটুতর-পুটপাকজ্বালয়েবাকুলাস্মি।
বিপরিণতিমকাণ্ডে পুণ্ডরীকেক্ষণস্তে
কথমিব ভবিতাসৌ শুশ্রুবান্ পঙ্কজাক্ষি! ॥ ৫৭ ॥

(পুনরাকাশে।)

মুখরেতি। হা হা নপ্ত্রি রাধে! কুত্র গতাসি ॥

বৃন্দেতি। অহহেতি। বিপরিণতিং লোকান্তরগমনং। অকাণ্ডে সময়ে। শুশ্রুবান্ শ্রুতবান্ ॥ ৫৭ ॥

বৃন্দা। আর্য্যে! শ্রবণ করুন, মেঘান্তর্বর্ত্তি সিদ্ধগণ শ্রীরাধার
সিদ্ধি প্রশংসা করিতেছেন ॥

মুখরা। (ভূতলে লুণ্ঠিত হইয়া) হা হা নপ্ত্রি রাধে!
কোথায় গমন করিলা ॥

বৃন্দা। (খেদের সহিত।)

হায়! সর্ব্বতোভাবে এই দুঃখ চিন্তা করিয়া কটুতর পুট-
পাক অগ্নিদ্বারাই যেন আমি আকুল হইলাম, হে পঙ্কজাক্ষি!
অকালে তোমার লোকান্তরগমন শ্রবণ করিয়া পুণ্ডরীকলোচন
কিরূপ হইবেন! ॥ ৫৭ ॥

(পুনর্ব্বার আকাশ বাণী।)

প্রণয়মণি-করণ্ডিকা মুরারেঃ
শিব শিব ! জীবিতমেব রাধিকায়াঃ।
ইয়মপি ললিতা দ্রুতং সখেদা
শিখরদতী শিখরাদ্গিরেঃ পপাত ॥ ৫৮ ॥

মুখরা। হা ললিদে ! কিধং পরিচ্চত্তাসি ॥
(ইত্যাঘূর্ণন্তী।)
বৃন্দে ! সোআণল কীলা জলিদং অত্তা-
ণঅং জমুণা-পবেসেণ সীঅলাএমি ॥
(ইত্যবতিতীর্ষতি।)

প্রণয়েতি। করণ্ডিকা সম্পুটিকা। শিখরদতী দাড়িম্ববীজবদ্রক্তাভদশনা যস্যা সা। পক্কদাড়িমবীজাভং মাণিক্যং শিখরং বিদুরিতি কোষঃ ॥ ৫৮ ॥

মুখরেতি। হা ললিতে ! কথং পরিত্যক্তাসি ॥

বৃন্দে ! শোকানলজ্বালা-জ্বলিতমাত্মানং যমুনাপ্রবেশেন শীতলয়ামি ॥

শিব শিব ! যিনি মুরারীর প্রণয়মণির করণ্ডিকা, যিনি শ্রীরাধার জীবন-স্বরূপ, সেই দাড়িম্ব-দশনা ললিতা খেদান্বিত হইয়া পর্ব্বতশৃঙ্গ হইতে পতিত হইলেন ! ॥ ৫৮ ॥

মুখরা। হা ললিতে ! আমাকে কেন পরিত্যাগ করিলা ? ॥
(এই বলিয়া ঘুরিতে ঘুরিতে।)

বৃন্দে ! শোকানলজ্বালা-জ্বলিত আত্মকে যমুনায় প্রবেশ করিয়া শীতল করি ॥
(এই বলিয়া যমুনাপ্রবেশে উদ্যত) ॥

(পুনরাকাশে।)

বৃন্দে! সাম্প্রতমিদমসাম্প্রতং মাকৃথাঃ ॥

বৃন্দা। আর্য্যে! রবিমণ্ডলান্নিঃসরন্তী বাণীয়মনতিক্রমণীয়া ॥

মুখরা। তা এদং বুত্তং ভঅবদীএ ণিবেদিস্সং ॥

(পুনরপ্যম্বরে গম্ভীধ্বনিঃ) ॥

মুখরা। বচ্ছে! সুট্ঠু ণ সুব্বই, কেরিসী এসা দিব্বাবাণী ॥

বৃন্দা। নির্ব্যাজং কুরু কর্ণয়োঃ কমলিনী-ক্লান্তিচ্ছিদা ধর্ম্মিণঃ
কোকস্ত্রী-প্রিয়সঙ্গম-প্রতিভুবো দেবস্য দিব্যা গিরঃ।

হে বৃন্দে! অযোগ্যমিদং শরীরপাতনমিদানীং মাকৃথা ন কুর্ব্বিত্যর্থঃ ॥
মুখরেতি। তদেতদ্বৃত্তং ভগবত্যৈ নিবেদয়িষ্যামি ॥
পুনঃ মুখরেতি। বৎসে। সুষ্ঠু শ্রূয়তে, কীদৃশী এষা দিব্যবাণী ॥
বৃন্দেতি। নিষ্কপটং শৃণ্বিত্যর্থঃ। প্রতিভুবঃ সাক্ষিণঃ। দেবস্য সূর্য্যস্য।

(পুনর্ব্বার আকাশবাণী।)

বৃন্দে! সম্প্রতি এই অযোগ্য কার্য্য করিও না ॥

বৃন্দা। আর্য্যে! সূর্য্যমণ্ডল হইতে এই বাণী নিঃসৃত হইল, অতএব ইহা লঙ্ঘন করা উচিত নয় ॥

মুখরা। তবে চল ভগবতীকে এই বৃত্তান্ত বলিগা ॥

(পুনর্ব্বার আকাশে গভীরধ্বনি।)

মুখরা। বৎসে! ভালরূপে শুনিতে পাইলাম না, এ দৈববাণী কিরূপ হইল? ॥

বৃন্দা। যিনি কমলিনীর ক্লান্তিনাশক ও চক্রবাকীর প্রিয় সঙ্গমের সাক্ষীস্বরূপ, সেই সূর্য্যদেবের এই বাণী অব্যাজে কর্ণে

কালিন্দী-জলমজ্জনেন মুখরে ! মা সাহসিক্যং কৃথা
ভূয়স্তে ভবিতা প্রমোদসুধয়া পূর্ণো মহান্ুদ্ধবঃ ॥ ৫৯ ॥
(ইতি নিষ্ক্রান্ত) ॥
(ইতি নিষ্ক্রান্তাঃ সর্ব্বে) ॥
॥ * ॥ ইতি শ্রীললিতমাধবনাটকে উন্মত্ত-রাধিকো নাম
তৃতীয়োঽঙ্কঃ ॥ * ॥ ৩ ॥ * ॥

কালিন্দীতি, ভূয়ঃ পুনরপি। উৎসবঃ উৎসবঃ ॥ ৫৯ ॥
॥ * ॥ ইতি তৃতীয়োঽঙ্কঃ ॥ * ॥

অবধারণ কর, সূর্য্যদেব বলিতেছেন, মুখরে ! কালিন্দী-জলমজ্জনদ্বারা মহাসাহসিকের কার্য্য করিও না, পুনর্ব্বার প্রমোদ-সুধাদ্বারা তোমার মহোৎসব পরিপূর্ণ হইবে অর্থাৎ শ্রীরাধাকৃষ্ণের সন্দর্শন প্রাপ্ত হইবা ॥ ৫৯ ॥

(এই বলিয়া দুই জনে চলিয়া গেলেন) ॥

(অনন্তর সকলের প্রস্থান) ॥

॥ * ॥ ইতি শ্রীললিতমাধবনাটকে শ্রীরামনারায়ণ বিদ্যা-রত্নকৃত ব্যাখ্যায় উন্মত্ত-রাধিক নামক তৃতীয় অঙ্ক ॥ * ॥

ললিতমাধবনাটকং।

চতুর্থোঽঙ্কঃ।

•◦:❀:◦——

(ততঃ প্রবিশত্যুদ্ধবঃ।)

উদ্ধবঃ।

অয়ং! সর্ব্বজ্ঞানাং গুরুরপি ভজত্যজ্ঞ-পদবীং
প্রভূষ্ণূনাং চূড়ামণিরপি জড়ীভাবময়তে।
সদা সান্দ্রানন্দ প্রকৃতিরপি ধত্তে বিধুরতাং
মুকুন্দঃ স্বীকুর্ব্বন্ প্রণয়িণি জনে প্রেমবশতাং॥ ১॥

উদ্ধব ইতি। ব্রজলীলামুক্ত্বেদানীং পুরলীলামাহ মথুরায়াং। প্রভূষ্ণূনাং প্রভবনশীলানাং। বিধুরতাং ব্যাকুলতাং॥ ১॥

(অনন্তর উদ্ধবের প্রবেশ।)

ব।

আহা! এই মুকুন্দ যখন সর্ব্বজ্ঞদিগের গুরু হইয়াও অজ্ঞের ন্যায় ব্যবহার করিতেছেন, যখন প্রভু সকলের চূড়ামণি হই-য়াও জাড্য অবলম্বন করিয়া রহিয়াছেন এবং যখন নিবিড় আনন্দময়বিগ্রহ হইয়াও ব্যাকুল হইতেছেন, তখন বোধ হয়, ইনি প্রণয়িজনের প্রেমবশ্যতা স্বীকার করিয়া থাকিবেন॥১॥

(পুরো বিলোক্য।)
কথমিয়মত্র গার্গী ॥
(ইত্যুপসৃত্য।)
আর্য্যে! প্রণমামি ॥
প্রবিশ্য গার্গী। অমচ্চ! চিরং সিঞ্চেহি ভত্তি-সুহাপ্পবাহেণ

উদ্ধবঃ। নূনং যদুরাজাভিষেক-কৌতুকে তত্র ভবত্যা রোহিণ্যা
সহ গোকুলাদত্রায়াতমার্য্যয়া ॥
গার্গী। ণহু ণহু, কিন্তু দোণং রামকহ্ণাণং ব্বদবন্ধমহুসবে
আহূদাএ গোউলেসরীএ সদ্ধং সমাঅদং ॥

গার্গীতি। অমাত্য! চিরং সিঞ্চ ভক্তি-সুধাপ্রবাহেণ পৃথিবীং ॥
গার্গীতি। নহি নহি, কিন্তু দ্বয়ো রামকৃষ্ণয়োর্ব্রতবন্ধনমহোৎসবে যজ্ঞো-
পবীতকালে ইতি যাবৎ আহূতয়া গোকুলেশ্বর্য্যা সার্দ্ধং সমাগতং ময়া ॥

(অগ্রে দৃষ্টিপাত করিয়া।)
গার্গী এ স্থানে কেন ? ॥
(এই বলিয়া নিকটে গমনপূর্ব্বক।)
আর্য্যে! প্রণাম করি ॥
(গার্গীর প্রবেশ।)
গার্গী। অমাত্য! ভক্তি-সুধাপ্রবাহদ্বারা পৃথিবী সেচন কর ॥
উদ্ধব। বোধ হয় আপনি যদুরাজ উগ্রসেনের অভিষেক-
মহোৎসবে রোহিণীর সহিত এ স্থানে আগমন করিয়া-
ছেন ॥
গার্গী। না না, কিন্তু রাম ও কৃষ্ণ এই দুইজনের উপনয়ন-

উদ্ধবঃ। নালোকি লোকোত্তরা দেবস্য রঙ্গস্থলে কেলি-
রার্য্যয়া ! ॥

গার্গী। কেরিসী সা কহিজ্জউ ॥

উদ্ধবঃ। শ্রূয়তাং,

কৃষ্ণার্কঃ সাধুচক্রোৎসব-রভস-কৃতী রক্তলোকঃ খলালী-
খদ্যোত-দ্যোতহারী কলিত-কুবলয়াপীড়-গম্ভীরনিদ্রঃ।
মল্লোলূকাংস্তিরস্যন্ যদুকুল-কমলোল্লাসকারী স তুঙ্গে
রঙ্গদ্বারোদয়াদ্রৌ দনুজ-নৃপতমঃ সূদয়ন্ প্রাদুরাসীৎ ॥২॥

গার্গীতি। কিদৃশী সা কথ্যতাং ॥

উদ্ধব ইতি। স কৃষ্ণার্কঃ দনুজনৃপতমঃ সূদয়ন্ সূদয়িতুং নাশয়িতুং রঙ্গ-
দ্বারোদয়াদ্রৌ প্রাদুরাসীত্বয়ঃ। কৃষ্ণ এবার্কঃ, সাধুসমূহঃ। পক্ষে সাধব এব
চক্রা চক্রবাকাস্তেষামুৎসবাতিশয়ে কৃতী। অনুরক্তো লোকো জনো যস্মিন্ সঃ।
পক্ষে লোক আলোকঃ। খলালী খলশ্রেণ্যেব খদ্যোতস্তস্য দ্যোতং হর্ত্তুং শীলং
যস্য সঃ। কলিতা কুবলয়াপীড়স্য গম্ভীরনিদ্রা মরণং যেন সঃ। পক্ষে কলিতা

মহোৎসবে রোহিণীর নিমন্ত্রণ হইয়াছিল, আমি তাঁহারই
সঙ্গে আগমন করিয়াছি ॥

উদ্ধব। আর্য্যে ! আপনি রঙ্গস্থলে শ্রীকৃষ্ণের অলৌকিক
ক্রীড়া ত দেখিতে পান নাই ॥

গার্গী। বল দেখি কি প্রকার সেই ক্রীড়া ॥

উদ্ধব। শ্রবণ করুন,

যিনি সাধুরূপ চক্রবাকসমূহের উৎসবদানে কৃতী, যাঁহাতে
সমস্ত জগৎ অনুরক্ত, যিনি খলরূপ খদ্যোত-সকলের দীপ্তি-
হারী, যিনি কুবলয়াপীড়ের মহানিদ্রাপ্রদ এবং যিনি যদুকুল-

গার্গী। তদো তদো ॥

উদ্ধবঃ। ততশ্চ—

দ্বিপরুধির-মদ শ্রমোদ-বিন্দু-
চ্ছল-ঘুসৃণাগুরুচন্দনৈঃ পরীতঃ।
জরঠ-দশন-দণ্ডমণ্ডিতাংসো
হরিরিহ রঙ্গধরান্তরে চকূর্দ্দ ॥ ৩ ॥

ততশ্চ—

কুমুদসমূহস্য গম্ভীরনিদ্রা মুদ্রণং যেন সঃ। মল্লা এবোলূকাস্তান্। যদুকুলান্যেব কমলানি তেষামুল্লাসকারী রঙ্গদ্বারমেবোদয়াদ্রিস্তস্মিন্। দনুজ নৃপঃ কংস এব তমঃ ॥ ২ ॥

গার্গীতি। ততস্ততঃ ॥

উদ্ধব ইতি। দ্বিপস্য হস্তিনঃ রুধির মদৌ স্বস্য শ্রমোদবিন্দবস্ত এবো-চ্ছলানি ক্রমেণাগুরুচন্দনানি তৈঃ পরীতঃ। চুকূর্দ্দ চিক্রড় ॥ ৩ ॥

কমলের উল্লাসদায়ী সেই শ্রীকৃষ্ণসূর্য্যমল্লরূপ-পেচক-সকল কম্পিত করতঃ কংসভূপময় অন্ধকার বিনাশ জন্য অত্যুচ্চ রঙ্গদ্বাররূপ উদয়াচলে উদিত হইলেন ॥ ২ ॥

গার্গী। তার পর তার পর ? ॥

উদ্ধব। তাহার পর—

শ্রীকৃষ্ণ হস্তি-রুধির, হস্তি-মদ ও স্বীয় ঘর্ম্মবিন্দুরূপ কুঙ্কুম, অগুরু, চন্দন-সকলে লিপ্ত এবং প্রবীণ গজদন্তরূপ দণ্ডদ্বারা স্কন্ধদেশ ভূষিত করিয়া রঙ্গস্থানে নৃত্য করিতে লাগিলেন ॥৩॥

তাহার পর—

তথাবিধবেশো দশবিধৈরেষ দশধান্বভাবি ॥

তথাহি—

দৈত্যাচার্য্যাস্তদাস্যে বিকৃতিমরুণতাং মল্লবৃন্দাঃ সখায়ো
গণ্ডৌন্নত্যং খলেশাঃ প্রলয়মৃষিগণা ধ্যানমুষ্ণাশ্রমম্বা।
রোমাঞ্চং সংযুগীনাঃ কমপি নবচমৎকারমন্তঃ সুরেন্দ্রা
লাস্যং দাসাঃ কটাক্ষং যযুরসিতদৃশঃ প্রেক্ষ্য রঙ্গে মুকুন্দং॥৪

ততশ্চ—

দৈত্যাচার্য্য ইত্যাদি। বর্ণসংহার-নাম প্রতিমুখসন্ধ্যঙ্গমিদং। তল্লক্ষণং, সর্ব্ববর্ণৈক্যরূপগতং বর্ণসংহার ইষ্যত ইতি। অত্র দৈত্যাচার্য্যা ব্রাহ্মণাঃ। ক্ষিতিশ সংযুগীনাদয়ঃ ক্ষত্রিয়াঃ। মল্লা দাসাদয়শ্চ বৈশ্য শূদ্রা ইতি বর্ণসংহারঃ। বীভৎসঃ রৌদ্রঃ হাস্যঃ ভয়ানকঃ শান্তঃ করুণঃ বীরঃ অদ্ভুতঃ দাস্যঃ শৃঙ্গারঃ ইতি দশ রসাঃ ॥ ৪ ॥

যথাবিধবেশধারি শ্রীকৃষ্ণকে দশ প্রকার লোকে দশরূপে অনুভব করিল ॥

যথা—

রঙ্গক্ষেত্রে মুকুন্দকে সন্দর্শন করিয়া দৈত্যাচার্য্য ব্রাহ্মণগণ বদন বিকৃতি, মল্লবর্য্যগণ রক্তবর্ণ, সখা-সকল হাস্যমুখ, খল-সকল অচৈতন্য, ঋষিগণ ধ্যান, মাতৃগণ উষ্ণ অশ্রু, যোদ্ধা-সকল রোমাঞ্চ, দেবগণ কোন অপূর্ব্ব নব-চমৎকার, দাসগণ নৃত্য এবং অসিতাপাঙ্গী রমণী-সকল কটাক্ষ ভজনা করিতে লাগিলেন ॥ ৪ ॥

তৎপরে—

বর-কেশরমালয়াঞ্চিতশ্চলচানূর-চমূরুমর্দ্দনঃ ।
কুতুকোচ্ছলধীরদী দরদযদুসিংহঃ খলভোজ কুঞ্জরং ॥ ৫ ॥

গার্গী । দিট্‌ঠিয়া দিট্‌ঠন্তং গদো সাহুজণাণং মহাবুক্কসূলো ॥
(ইত্যানন্দমভিনীয় ।)
অমাচ্চ ! ধন্না পোণ্ণমাসী জা কহ্নস্‌স সঙ্গং
অমুঞ্চন্তী রঙ্গকীলাদিকোদূহলং পেক্‌খই ॥

কেশরো নাগকেশর-পুষ্পবিশেষঃ । পক্ষে সিংহস্কন্ধস্য বালঃ । চলস্য চানূরস্য যা চমূস্তস্যা উরু অধিকং মর্দ্দনঃ । পক্ষে চলচানূর এব চমরুমৃগবিশেষস্তস্য । আদীদরৎ দীর্ণং চকার ॥ ৫ ॥

গার্গীতি । দিষ্ট্যা দিষ্টান্তঃ কালং গতঃ সাধুজনানাং মহাবক্ষঃশূলঃ । স্যাৎ পঞ্চতা কালধর্ম্মো দিষ্টান্তঃ প্রলয়োঽত্যয়ঃ । অন্তনাশৌ দ্বয়োর্মৃত্যুরিত্যমরঃ ॥

অমাত্য ! ধন্যা পৌর্ণমাসী যা কৃষ্ণস্য সঙ্গমমুঞ্চন্তী রঙ্গক্রীড়াদিকুতূহলং প্রেক্ষ্যতে ॥

যদুসিংহ শ্রীকৃষ্ণ কৌতুকসহকারে উৎকৃষ্ট কেশরমালায় বিভূষিত হইয়া সসৈন্য চানূরের গুরুতর মর্দ্দনপূর্ব্বক খলরূপি কংসকুঞ্জরকে বিদীর্ণ করিলেন ॥ ৫ ॥

গার্গী । কি সৌভাগ্য ! সাধুগণের মহা-বক্ষঃশূল বিনষ্ট হইল ! ॥
(এই বলিয়া আনন্দে অভিনয় প্রকাশপূর্ব্বক ।)
মন্ত্রিবর ! পৌর্ণমাসী ধন্যা, যিনি শ্রীকৃষ্ণের সঙ্গ পরিত্যাগ না করিয়া তদীয় রঙ্গক্রীড়াদি কুতূহল-সকল অবলোকন করিতেছেন ॥

উদ্ধবঃ। কিমেতদুচ্যতে, যস্যাঃ প্রসঙ্গাদেব
জগদ্গুরোরপি গুরুর্ব্বভূব সান্দীপনিঃ॥
গার্গী। (সংস্কৃতেন।)
কামং সর্ব্বাভীষ্টকন্দং মুকুন্দং
যা নির্বন্ধাৎ প্রাহিণোদিন্ধনায়।
আচার্য্যাণী সা করোতিস্ম মূল্যং
পিণ্যাকার্থং হন্ত! চিন্তামণীন্দ্রং॥ ৬॥
উদ্ধবঃ। শিষ্যাচার প্রচারচাতুরীয়ং চাসুরমর্দ্দি-
নস্য তদত্র নাপরাধ্যতি গুরোঃ কলত্রং॥

গ।গত। কৃষ্ণস্য গুরুঃ সন্দীপণির্বভূব। নিদর্শন-নাম নাটকভূষণমিদং। তল্লক্ষণং, যত্রার্থানাং প্রসিদ্ধানাং ক্রিয়তে পরিকীর্ত্তনং। পরাপেক্ষাব্যুদাসার্থং তন্নিদর্শনমুচ্যত ইতি। অত্র বিম্বানুবিম্ববস্তুবোধনান্নিদর্শনং। ইন্ধনায় ইন্ধন-নিমিত্তং। মূল্যং পণ্যং। পিণ্যাকার্থং, নিস্তৈলস্য তিলস্য চূর্ণং। তিলকল্কে চ পিণ্যাক ইত্যমরঃ॥ ৬॥

উদ্ধব ইতি। চতুরস্য ক্রিয়াচাতুরী, শিষ্যাচারপ্রচারায় চাতুরী। শিষ্যাচার-প্রচারচাতুরী। কলত্রং পত্নী॥

উদ্ধব। এ কি বলিতেছেন! যাহার প্রসঙ্গে সান্দিপনি জগ-
দ্গুরুরও গুরু হইয়াছেন॥
গার্গী। (সংস্কৃত ভাষায়।)
যে আচার্য্যপত্নী আগ্রহসহকারে সর্ব্বাভীষ্টপ্রদ মুকুন্দকে কাষ্ঠ আনয়ন করিতে প্রেরণ করিয়াছিলেন, হায়! তিনি কি না তিলকল্কের নিমিত্ত চিন্তামণিকে মূল্য করিলেন!॥ ৬॥
উদ্ধব। গার্গি! ইহা শিষ্যাচার প্রচারের চাতুরী অর্থাৎ

গার্গী। সুদং মএ মহুমঙ্গলো কিদন্তণঅরাদো আঅড্‌ঢিঅ উণো হরিণা গুরুণো দক্ষিণীকিদো ॥

উদ্ধবঃ। ন কেবলং গুরুব এব দক্ষিণীকৃতঃ, কিন্তু কেলিগুরবে স্বাত্মনেঽপি। যদস্য সৌভাগ্য-কুলং ময়া গোকুলে শ্রুতং ॥

গার্গী। অবি ণাম তত্থ ভবন্তেণ গোউলে গদং আসি ॥

গার্গীতি। শ্রুতং ময়া মধুমঙ্গলঃ কৃতান্তনগরাদাকৃষ্য পুনর্হরিণা গুরবে দক্ষিণীকৃতঃ ॥

উদ্ধব ইতি। কিন্তু কেলি গুরবে স্বাত্মনেঽপি দক্ষিণীকৃতঃ অনুকূলীকৃতঃ ॥

গার্গীতি। অপি নাম তত্র ভবতা, পূজ্যেন গোকুলগতমাসীৎ ॥

শিষ্যগণকে কিরূপে গুরুসেবা করিতে হয়, এই আচরণ দেখাইয়াছিলেন, একারণ গুরুপত্নী চানুরমর্দ্দনের অপরাধ করেন নাই ॥

গার্গী। আমি শুনিয়াছি, পুনর্ব্বার শ্রীকৃষ্ণ যমালয় হইতে মধুমঙ্গলকে আনায়ন করিয়া গুরুদেবকে দক্ষিণা প্রদান করিয়াছেন ॥

উদ্ধব। কেবল যে গুরুদেবকেই দক্ষিণা প্রদান করিয়াছেন, তাহা নয়, কিন্তু রতিকেলি-গুরু আপনাকেও দক্ষিণা প্রদান করিয়াছেন অর্থাৎ ঐ মধুমঙ্গলকে আপনার রতি-কেলির অনুকূল বলিয়া স্বীকার করিয়া লইয়াছেন, যে হেতু আমি গোকুলমধ্যে ঐ মধুমঙ্গলের সৌভাগ্য-সকল শ্রবণ করিয়াছি ॥

গার্গী। তুমি কি গোকুলে গমন করিয়াছিলা ? ॥

উদ্ধবঃ। অথ কিং ॥

গার্গী। কিং কাদুং ॥

উদ্ধবঃ। দেবীং চন্দ্রাবলীমানেতুং।

গার্গী। কিত্তি এসা ণাণীদা ॥

উদ্ধবঃ। (স বাষ্পং) রুক্মিণা গোকুলাদিয়ং পুনঃ কুণ্ডিলে নীতা ॥

গার্গী। কুদো সুদা ইমিণা গোউলে চন্দাঅলী ॥

উদ্ধবঃ। সখ্যুঃ শিশুপালস্য মুখাৎ ॥

গার্গী। তিণাবি কুদো সুদা ॥

গার্গীতি। কিং কর্ত্তুং ॥

গার্গীতি। কিমিতি এষা নানীতা ॥

গার্গীতি। কুতঃ শ্রুতা অনেন গোকুলে চন্দ্রাবলী ॥

গার্গীতি। তেনাপি কুতঃ শ্রুতা ॥

উদ্ধব। তবে কি ॥

গার্গী। কি করিবার নিমিত্ত ? ॥

উদ্ধব। দেবী চন্দ্রাবলীকে আনিবার জন্য ॥

গার্গী। তবে তাঁহাকে আনয়ন করিলা না কেন ? ॥

উদ্ধব। (অশ্রু মোচন করিতে করিতে) রুক্মী পুনর্ব্বার গোকুল হইতে তাঁহাকে কুণ্ডিলনগরে লইয়া গিয়াছে ॥

গার্গী। চন্দ্রবলী গোকুলে আছেন, রুক্মী এ কথা কাহার মুখে শুনিয়াছিল ? ॥

উদ্ধব। সখা শিশুপালের মুখে ॥

গার্গী। শিশুপালই বা কাহার মুখে শুনিয়াছিল ? ॥

উদ্ধবঃ। তত্র ভবত্যাঃ শ্রুতশ্রবসো মুখাৎ ॥

গার্গী। সচ্চং সচ্চং, সা কৃখু বন্ধাদো বিমুক্কং ভাদুরং আণঅ-
দুন্দুহিং দট্ঠুং ণাহিহরং আঅদা আসি। তদো মএ চ্চেঅ
অণহিণ্ণাএ গোউলগদং সব্বং রহস্সং তিস্সা সআসে
প্পআসিদং ॥

উদ্ধবঃ। আর্য্যে! কিমত্র তে দূষণং মদ্বিধেষু বিধিরেব প্রতি-
বন্ধী ॥

গার্গী। ভিপ্ফণন্দণে চন্দাঅলীং ণেদুং পউত্তে কহং ণ কোবি
পড়িবন্ধী সংবুত্তো ॥

উদ্ধব ইতি। শ্রুতশ্রবসঃ তন্মাতুঃ অর্থাৎ শিশুপালমাতুঃ ॥

গার্গীতি। সত্যং সত্যং, সা শ্রুতশ্রবাঃ খলু বন্ধাদ্বিমুক্তং ভ্রাতরং আনক-
দুন্দুভিং দ্রষ্টুং নাভিগৃহং পিতৃগৃহং নাইঘর ইতি প্রসিদ্ধং আগতাসীৎ। ততো
ময়ৈবানভিজ্ঞয়া গোকুলগতং সর্ব্বং রহস্যং তস্যাঃ সকাশে প্রকাশিতং ॥

উদ্ধব ইতি। প্রতিবন্ধী প্রতিকূলঃ ॥

গার্গীতি। ভীষ্মকনন্দনেন চন্দ্রাবলীং নেতুং প্রবৃত্তে কথং ন কোঽপি প্রতি-
বন্ধী সম্বৃত্তঃ ॥

উদ্ধব। সে স্থানে স্বীয়-জননী শ্রুতশ্রাবার মুখে ॥

গার্গী। সত্য সত্য, তিনি বন্ধনোন্মুক্ত ভ্রাতা বসুদেবকে
দেখিবার নিমিত্ত পিত্রালয়ে আসিয়াছিলেন। তদনন্তর
আমিই অনভিজ্ঞা হইয়া গোকুলগত সমস্ত রহস্য-বৃত্তান্ত
তাঁহার প্রকাশ করিয়াছি ॥

উদ্ধব। আর্য্যে! এ বিষয়ে আপনার দোষ কি, মদ্বিধজন-
সকলের প্রতি বিধাতাই প্রতিকূল ॥

উদ্ধবঃ। মথুরায়ামাস্থিতে চিরং সবান্ধবে গোকুলেন্দ্রে হতে চ
তোশলাপরপর্য্যায়ে গোবর্দ্ধনে কোঽন্যঃ প্রতিবধ্নীয়াৎ ॥

গার্গী। ভো সোম্ম ! পউমা-পহুদি-কণ্ণআ চউক্কং কীস-
ণাণীদং ॥

উদ্ধবঃ।

পদ্মা নগ্নজিতঃ সুতা নরপতের্মদ্রেশিতুঃ শ্যামলা
ভদ্রা কেকয়-চক্রমস্তকমণেঃ শৈব্যস্য শৈব্যা তথা।

গার্গীতি। ভোঃ সৌম্য ! পদ্মা-পভৃতি কন্যকা চতুষ্কং কস্মান্নানীতং ॥
উদ্ধব ইতি। নগ্নজিন্নাম্নো রাজ্ঞঃ সুতা নাগ্নজিতী পদ্মৈব। শ্যামলা মাদ্রী।

গার্গী। ভীষ্মকতনয়-রুক্মিণী চন্দ্রাবলীকে আনয়ন করিতে
প্রবৃত্ত হইলে কেহ তাহার প্রতিবন্ধক কেন হইল না ? ॥

উদ্ধব। শ্রীকৃষ্ণ সবান্ধবে বহুকাল যাবৎ মথুরায় অবস্থিতি
করায় তথা মল্লগণের মধ্যে তোশল বলিয়া বিখ্যাত,
গোবর্দ্ধনমল্ল হত হওয়ায় কে আর প্রতিবন্ধক হইবে ॥

গার্গী। হে সৌম্য ! পদ্মা প্রভৃতি চারিটী কন্যাকে কেন
লইয়া গেল না ? ॥

উদ্ধব।

পদ্মা নগ্নজিৎরাজার কন্যা, ইহাঁর নাম নাগ্নজিতী, শ্যামলা
মদ্ররাজের কন্যা, ইহাঁর নাম মাদ্রী, ভদ্রা কেকয়রাজার কন্যা,
ইহাঁর নাম লক্ষ্মণা এবং শৈব্যা শৈব্যরাজের কন্যা, ইহাঁর নাম
মিত্রবৃন্দা। নগ্নজিৎ, মদ্রেশ্বর, কেকেয় ও শৈব্য এই চারি জন

জ্ঞাত্বা হন্ত ! চিরাচ্চতুর্ভিরভিতো বীণাপ্রবীণান্মুনে-
রেভির্গোপপতিং প্রসাদ্য বিনয়ৈঃ কন্যাস্ততো নিন্যিরে ॥৭

গার্গী । কচ্চাঅণীব্বদপরাণং গোউলকণ্ণাণং কিং কৃখু কুসলং ॥

উদ্ধবঃ । (সবাষ্পং ;)

স্তবং কামাখ্যায়াঃ কমপি বিদধন্তে তরলিজা *
তটান্তে সম্ভূয় জ্বরিত-হৃদয়ানি ক্লমভরৈঃ ।
সহস্রাণ্যুদ্দণ্ডপ্রকৃতিরুচিরং ষোড়শ হঠাৎ
কুমারীণাং তাসামহরত শতাঢ্যানি দনুজঃ ॥ ৮ ॥

লক্ষ্মা, শৈব্যা মিত্রাবিন্দা। চতুর্ভির্নগ্নজিন্মদ্রেশ কেকেয় শৈব্যৈঃ। ততো গোকুলাৎ ॥ ৭ ॥

গার্গীতি। কাত্যায়নীব্রতপরাণাং গোকুলকন্যানাং কিং খলু কুশলং ॥

উদ্ধব ইতি। স্তবমিতি। দনুজঃ নরকাসুরঃ ॥ ৮ ॥

বীণারসিক নারদের প্রমুখাৎ এই সমুদায় বৃত্তান্ত অবগত হইয়া বিনয়দ্বারা গোপপতিগণকে প্রসন্ন করত গোকুল হইতে কন্যাদিগকে লইয়া গিয়াছেন ॥ ৭ ॥

গার্গী । যাঁহারা কাত্যায়নীর পূজা করিয়াছিলেন, তাঁহাদের কুশল ত ? ॥

উদ্ধব । (অশ্রু মোচন করিতে করিতে ।)

কাত্যায়নীব্রতপরায়ণা ষোড়শ-সহস্র এক-শত গোপকন্যা অতিশয় ক্লেশবশতঃ সন্তপ্ত-হৃদয় হইয়া কামাখ্যাদেবীর কোন স্তব করিতেছিলেন, এমত সময়ে প্রচণ্ড-স্বভাব নরকাসুর

* বিদধন্তি দ্যুমণিজা, ইতি পুস্তিকা পাঠান্তরঃ ॥

গার্গী। (সব্যথং) অবি ণাম ইদং বুত্তং তুহ্ম পহুণা সুদং ॥
উদ্ধবঃ। শ্রুতমেব, কিন্তু বাঢ়মবিশিষ্টং ॥
গার্গী। কেরিসং তং ॥
উদ্ধবঃ। অষ্টাধিক-শতোত্তরেষু ষোড়শ কুমারীণাং সহস্রেষু নৈকাপি গোষ্ঠমধিতিষ্ঠতীতি ॥
গার্গী। কো বা তস্স অবরাণুসন্ধাণস্স ওসরো জং রাহীএ-তাএ দারুণদসাএ ণিব্বুদিলবোবি সুদুগ্‌ঘডো ॥

গার্গীতি। অপি নাম ইদং বৃত্তান্তং যুষ্মৎ প্রভুনা শ্রুতং ॥
উদ্ধব ইতি। বাঢ়মবশিষ্টং ন সম্যক্ শ্রুতং ॥
গার্গীতি। কীদৃশং তং ॥
গার্গীতি। কো বা তস্য অপরানুসন্ধানস্য অবসরঃ, যৎ রাধায়াস্তস্যা দারুণ-দশায়াং নির্বৃতিলবোঽপি দুর্ঘটঃ ॥

আসিয়া বলপূর্ব্বক ঐ সমুদায় কন্যা হরণ করিয়া লইয়া গিয়াছে ॥ ৮ ॥
গার্গী। (ব্যথার সহিত) এই বৃত্তান্ত কি তোমার প্রভু শুনিয়াছেন ? ॥
উদ্ধব। শুনিয়াছেন বটে, কিন্তু সকল শুনা হয় নাই, কিছু অবশেষ আছে ॥
গার্গী। অবশেষ কি প্রকার ? ॥
উদ্ধব। ষোড়শ-সহস্র এক-শত আট কুমারীর মধ্যে এক জনও গোকুলমধ্যে নাই ॥
গার্গী। শ্রীকৃষ্ণের অন্য অনুসন্ধানের অবসর কোথায় ? যে হেতু শ্রীরাধার দারুণদশা শ্রবণে তাঁহার কিঞ্চিন্মাত্র সুখ-লেশও দুর্ঘট ॥

উদ্ধবঃ । আর্য্যে ! তথ্যমাত্থ তত এব বাঢ়ং ব্যগ্রয়া ভগবত্যা নির্ম্মিতোঽস্তি কোঽপি দেবস্য মনোবিনোদনোপায়ঃ ॥

গার্গী । কেরিসো সো ॥

উদ্ধবঃ । সঙ্গীতবিদ্যাবেধসং ভরতমভ্যর্থ্য কিঞ্চিদপূর্ব্বং রূপকং কারিতং তচ্চ দেবর্ষি তীর্থেন তুম্বুরুহস্তে প্রেষিতং তুম্বুরুণা চ গন্ধর্ব্বানিদমধ্যাপিতং ॥

গার্গী । দাণিং কেবি দিব্বপুরিসা তত্থ হোদীএ পৌণ্ণমাসীএ সদ্ধং আলবন্তা মএ দিট্ঠা তাএদে গন্ধব্বা হুবিস্সন্তি ॥

গার্গীতি । কীদৃশঃ সঃ ॥

উদ্ধব ইতি । রূপকং নাটকভূবণমুৎপাদিতং ॥

গার্গীতি । ইদানীং কেঽপি দিব্যপুরুষাস্তত্র ভবত্যা পৌর্ণমাস্যালপন্তঃ ময়া দৃষ্টাঃ তদেতে গন্ধর্ব্বা ভবিষ্যন্তি ॥

উদ্ধব । আর্য্যে ! যথার্থ বলিয়াছেন, সেই জন্যই ভগবতী অতিশয় ব্যগ্র হইয়া শ্রীকৃষ্ণের মনোবিনোদনার্থ কোন এক উপায় নির্ম্মাণ করিয়াছেন ॥

গার্গী । সে কি প্রকার ? ॥

উদ্ধব । পৌর্ণমাসী সঙ্গীতবিদ্যার বিধাতা ভরতমুনিকে প্রার্থনা করিয়া কোন অপূর্ব্বরূপক অর্থাৎ নাটক প্রস্তুত করাইয়াছেন, গুরুবর দেবর্ষি তুম্বুরু-হস্তে তাহাই প্রেরণ করেন, তুম্বুরু আবার ঐ বিদ্যা গন্ধর্ব্বগণকে অধ্যয়ন করাইয়াছেন ॥

গার্গী । সম্প্রতি সে স্থানে আমি দেখিয়াছি, কতকগুলি

উদ্ধবঃ। অথ কিং, পশ্যায়ং মধুমঙ্গলেন সহ নৃত্য-বিলোকনার্থ মরবিন্দলোচনঃ কুরুবিন্দ-মন্দিরস্যালিন্দমধিরোহতে ॥

গার্গী। অহং গদুঅ মুহরং পেসইস্সং ॥

উদ্ধবঃ। অহমপি ভগবত্যা সহ নটান্ প্রেষয়িষ্যামি ॥

(ইতি নিষ্ক্রান্তৌ) ॥ ৯ ॥

বিষ্কম্ভকঃ ॥

(ততঃ প্রবিশতি যথা নির্দ্দিষ্টঃ কৃষ্ণঃ।)

কৃষ্ণঃ। (সখেদং।)

উদ্ধব ইতি। কুরুবিন্দঃ পদ্মরাগমণিঃ ॥

গার্গীতি। অহং গত্বা মুখরাং প্রেষয়িষ্যামি ॥ ৯ ॥

দিব্যপুরুষ ভগবতী পৌর্ণমাসীর সহিত আলাপ করিতে-ছিল, অতএব বোধ হয়, তাহারই গন্ধর্ব্ব হইবে ॥

উদ্ধব। হাঁ তাহাই বটে, ঐ দেখুন নৃত্য-দর্শনার্থ কমললোচন শ্রীকৃষ্ণ পদ্মরাগমণি-নির্ম্মিত মন্দিরের অলিন্দে অর্থাৎ চাতালের উপর আরোণ করিতেছেন ॥

গার্গী। আমি গিয়া মুখরাকে প্রেরণ করি ॥

উদ্ধব। আমিও ভগবতীর সহিত নট সকলকে পাঠাই গা ॥

(এই বলিয়া উভয়ের প্রস্থান) ॥ ৯ ॥

বিষ্কম্ভক অর্থাৎ ভূত ভবিষ্যৎ বস্তুর অংশ সূচনা ॥

(অনন্তর যথা নির্দ্দিষ্ট শ্রীকৃষ্ণের প্রবেশ।)

শ্রীকৃষ্ণ। (খেদের সহিত।)

হা লীলাবতি! হা চকোরনয়নে! হা চন্দ্রবিম্বাননে!
হা বিম্বপ্রতিমৌষ্ঠি! হা গুণবতীগোষ্ঠী-পুরোবর্ত্তিনি!
হা গোষ্ঠাখিল-খঞ্জরীটনয়না-মূর্দ্ধাভিষিক্তে! কথং
হা রাধে! হতদেব-দুর্বিলসিতৈর্যাতাসি ঘোরাং দশাং॥

মধুমঙ্গলঃ। পিঅবঅস্‌স! অদিদুল্লহদংসনা বিঅদি রাহিআ বিজ্জমাণেব্ব মে পডিভাদি॥

কৃষ্ণঃ। সখে! সত্যমাশয়ৈব কদর্থিতোঽস্মি॥

যতঃ—
নীরে মংক্ষু মিমংক্ষু মার্ত্তমুখরামুদ্দিশ্য চণ্ডদ্যুতে-
দূরান্মণ্ডলতঃ কৃপাতুরতয়া যৎ প্রাদুরাসীত্তদা।

কৃষ্ণ ইতি। শ্রীরাধিকায়া উন্মাদদশা তৃতীয়াঙ্কে কথিতা। অধুনা শ্রীকৃষ্ণস্য তামাহ। দুর্বিলসিতৈঃ দুশ্চেষ্টিতৈঃ। ঘোরাং দুঃখময়ীং॥

মধু ইতি। প্রিয়বয়স্য! অতিদুর্লভদর্শনা বিয়তি রাধিকা বিদ্যমানা ইব মে প্রতিভাতি॥

কৃষ্ণ ইতি। মংক্ষু শীঘ্রং। মিমংক্ষুঃ মজ্জিতুমিচ্ছুঃ। যতঃ বাগমৃতং প্রাদু-

হা লীলাবতি! হা চকোরনয়নে! হা চন্দ্রাননে! হা বিম্বোষ্ঠি! হা গুণবতীসভাগ্রবর্ত্তিনি! হা নিখিল-গোকুল-খঞ্জনাক্ষীশিরোমণি! হা রাধে! তুমি হতবিধির দুরন্ত চেষ্টা-দ্বারা এই ভয়ানক দশা প্রাপ্ত হইলা॥

মধুমঙ্গল। প্রিয়বয়স্য! অতিশয় দুর্লভদর্শনা হইলেও আকাশে শ্রীরাধাকে যেন বিদ্যমানার ন্যায় বোধ হইতেছে॥

শ্রীকৃষ্ণ। সখে! সত্য, আশাই আমাকে এরূপ ক্লেশ দিতেছে॥

যৎকালীন মুখরা আতুর হইয়া হঠাৎ জলমগ্ন হইতে উদ্যত

হা ধিগ্বাগমৃতেন ! তেন জনিতস্তস্যাঃ পুনঃ সঙ্গম-
প্রত্যাশাঙ্কুর উচ্চকৈর্ম্মম সখে ! স্বান্তং হঠাদ্বিধ্যতি ॥১০॥
(ক্ষণং তূষ্ণীং স্থিত্বা পুনরুচ্চকৈঃ।)
প্রযাতুং শ্বাফল্কৌ ধৃততুরগবল্গে চটুলধী-
র্নিরুদ্ধা সাক্রন্দং কথমধিরুরুক্ষুঃ পরিজনৈঃ।
উদস্রং সা দৃষ্টিং ময়ি বিকিরতী ক্রূরমনসা
বিলম্ব্যাল্লং হা ধিক্ ! সুতনুরনুনীতাপি ন ময়া ॥ ১১ ॥

াসীৎ। পরিসর্প-নাম প্রতিমুখসন্ধ্যঙ্গমিদং। তল্লক্ষণং, স্মৃতির্নষ্টস্য বীজস্য
িরিসর্প ইতি। অত্র রাধাতিরোধানাৎ নষ্টস্যানুরাগবীজস্য পুনঃ সূর্য্যবচনেনানু-
স্মরণাৎ পরিসর্পঃ ॥ ১০ ॥

ক্ষণমিতি। শ্বাফল্কৌ অক্রূরে। ধৃতস্তুরগস্য বল্গো মুখরজ্জুর্যেন তস্মিন্ ॥ ১১॥

হইয়াছিল, সেই সময় ঐ মুখরাকে উদ্দেশ করিয়া দূরবর্ত্তিমণ্ডল হইতে যাহা প্রকাশ হয় অর্থাৎ আকাশবাণীতে বলিয়াছিলেন যে, পুনর্ব্বার শ্রীরাধার সহিত শ্রীকৃষ্ণের সঙ্গম হইবে, হে সখে ! সেই বাক্যামৃতদ্বারা পুনর্ব্বার তাঁহার সঙ্গমরূপ অঙ্কুর উৎপন্ন হইয়া সহসা আমার মনকে দৃঢ়রূপে বেধ করিতেছে ॥ ১০ ॥

(ক্ষণকাল তূষ্ণীম্ভূত থাকিয়া পুনর্ব্বার উচ্চৈস্বরে।)

যখন অক্রূর গমনোদ্যত হইয়া অশ্বরজ্জু ধারণ করেন, সেই সময় শ্রীরাধা চঞ্চলচিত্ত হইয়া রোদন করিতে করিতে রথে আরোহণ করিতে ইচ্ছা করিয়াছিলেন, কিন্তু সহচরীগণ তাঁহাকে অবরোধ করিয়া রাখিয়াছিল। পরে তিনি আমার প্রতি সজল-নয়ন নিক্ষেপ করিতে লাগিলেন, ধিক্ ! আমি

(ততঃ প্রবিশতি গন্ধর্ব্বৈরনুগম্যমান উদ্ধবঃ পৌর্ণমাসী-মুখরে চ) ॥

উদ্ধবঃ। দেবঃ সমানীতঃ পেশলোঽয়ং নর্ত্তকসম্প্রদায়ঃ ॥

কৃষ্ণঃ। সূত্রধার! তূর্ণমারভ্যতাং তৌর্য্যত্রিকং ॥

সূত্রধারঃ।

নিজমধুরিম-মুদ্রাগ্লাপিতেন্দীবরশ্রী-
র্জয়তি পরমজৈত্রঃ কোঽপি রাধাকটাক্ষঃ।
ত্রিভুবন-জয়-লক্ষ্মীবর্য্যয়া দত্তদামা
মধুরিপুরপি যেন ক্রীড়য়া নির্জ্জিতোঽভূৎ ॥ ১২ ॥

উদ্ধব। ইতি। পেশলঃ নাট্যরচনা-প্রবীণঃ ॥

সূত্রেতি। জৈত্রঃ জয়শীলঃ। ত্রিভুবনে জয়রূপা যা লক্ষ্মীঃ সৈব বর্য্যা পতিম্বরাতয়া দত্তং দাম মালা যস্মৈ সঃ ॥ ১২ ॥

এমন ক্রূরবুদ্ধি যে, ক্ষণকালও বিলম্ব করিয়া ঐ সুতনুর অনুনয় করিলাম না! ॥ ১১ ॥

(অনন্তর নটদিগের সহিত উদ্ধবের প্রবেশ এবং পৌর্ণমাসী ও মুখরা এই দুই জনেরও সমাগম) ॥

উদ্ধব। দেব! এই বিচক্ষণ নাট্যসম্প্রদায় আনয়ন করিয়াছি ॥

শ্রীকৃষ্ণ। সূত্রধার! শীঘ্র নৃত্য ও গীত আরম্ভ কর ॥

সূত্রধার।

যাঁহার স্বীয়-মাধুর্য্যদ্বারা কুবলয়শ্রেণী বিশ্রী হইতেছে, সেই জয়শীল শ্রীরাধা-কটাক্ষ জয়যুক্ত হউক। কটাক্ষের প্রভাব অধিক কি বলিব, ত্রিভুবনের জয়রূপা লক্ষ্মী পতিম্বরা

কৃষ্ণঃ। (সহর্ষং) সাধীয়ানেষ হৃদয়ানন্দী নান্দীপ্রয়োগঃ॥

সূত্রধারঃ। (পার্শ্বতো বিলোক্য) আর্য্যে! কেনাপি চারু-
সন্ধিনা প্রবন্ধেন জগদ্বন্ধোরস্য সমারাধনায় কুলাচার্য্যেণ
স্বর্গতঃ প্রেষিতোঽস্মি॥

নটী। অজ্জ! কো ক্খু সো দাব প্পবন্ধো॥

সূত্রধারঃ।

রসিকশিরোমণি-রমণঃ সুলভো গোকুলবাসিনামেব।
সন্দর্ভো গুণগর্ভঃ স জয়তি রাধাভিসারাখ্যঃ॥ ১৩॥

সূত্রেতি। প্রবন্ধেন নাটকেন। কুলাচার্য্যেণ তুম্বুরুণা॥
নটীতি। আর্য্যে! কঃ খলু স তাবৎ প্রবন্ধঃ॥
সূত্রেতি। শ্রীকৃষ্ণং রময়তীতি। সন্দর্ভঃ প্রবন্ধঃ॥ ১৩॥

হইয়া যাঁহাকে স্বয়ং মাল্য প্রদান করিয়াছেন, সেই মধুরিপুও
অবহেলায় তাঁহার নিকট নির্জ্জিত॥ ১২॥

শ্রীকৃষ্ণ। (হর্ষের সহিত) ভাল ভাল, এই নান্দীপ্রয়োগ
অতি উৎকৃষ্ট, ইহার দ্বারা হৃদয় আনন্দিত হইল॥

সূত্রধার। (পার্শ্বদিকে দৃষ্টিপাত করিয়া) আর্য্যে! কোন
মনোহর প্রবন্ধদ্বারা জগদ্বন্ধুর আরাধনা নিমিত্ত নটাচার্য্য-
তুম্বুরু আমাকে স্বর্গ হইতে প্রেরণ করিয়াছেন॥

নটী। আর্য্যে! সেই প্রবন্ধ কি?॥

সূত্ররার।

যাহাতে রসিকশিরোমণি শ্রীকৃষ্ণ আনন্দিত হয়েন, যাহা
সমস্ত গোকুলবাসির সম্বন্ধে সুলভ, এমত কোন রাধাভি-
সারাখ্য গুণগর্ব্ভ প্রবন্ধ জয়যুক্ত হউক॥ ১৩॥

তদ্গীয়তাং মঙ্গলধ্রুবা ॥

নটী। অজ্জ ! কং ঋদুং উওলম্বিঅ গাইস্সং।

সূত্রধারঃ। আর্য্যে ! পশ্য পশ্য,

শ্রীরেষা নবমালিকাসু মিলতি প্রোজ্ঝ্যাদ্য কুন্দাবলীং
স্মর্ত্তুং পঞ্চম-চাতুরীং চিরপরিত্যক্তাং যতন্তে পিকাঃ।
ভাণ্ডীরাৎ পরিপাণ্ডুরাঃ স্ফুটমমী ভ্রশ্যন্তি যত্রচ্ছদাঃ
কালঃ কোঽপ্যয়মুজ্জ্বলঃ স কুতকী মন্দং পরিস্পন্দতে ॥১৪

নটী।

ধ্রুবা ধ্রুবপদেন ॥

নটীতি। আর্য্য ! কং ঋতুং অবলম্ব্য গাস্যামি ॥

সূত্রেতি। প্রবর্ত্তমানং বসন্তং বর্ণয়তি। কালঃ হিম-বসন্তয়োঃ সন্ধি-রূপঃ ॥ ১৪ ॥

অতএব মঙ্গলজনক ধ্রুবপদের সহিত গান কর ॥

নটী। আর্য্য ! কোন্ ঋতু অবলম্বন করিয়া গান করিব ? ॥

সূত্রধার। আর্য্যে ! দেখ দেখ,

যাহাতে কুন্দশ্রেণীর শোভা পরিত্যক্ত হইয়া নবমালিকা-সকলে প্রকাশ পাইতে লাগিল, যাহাতে কোকিলকুল চির-কাল যে পঞ্চম-স্বর পরিত্যাগ করিয়াছিল, তাহাই পুনর্ব্বার স্মরণ করিতে আরম্ভ করিল এবং যাহাতে স্পষ্টরূপে ভাণ্ডীর-তরু হইতে পাণ্ডুবর্ণ জীর্ণপত্র-সকল পড়িতে লাগিল, সেই এই কোন উজ্জ্বলকাল অল্পে অল্পে সমাগত হইতেছে ॥ ১৪ ॥

নটী।

ইহ ঝম্পিদাবি পরিদো সমীলদাএ ফুড়ং কটোরাএ।
মহুবেণ হোই, লহুণা ণ মাহবী অণুণিদত্থবআ ॥ ১৫ ॥

সূত্রধারঃ। (স পরিতোষং) আর্য্যে! সাধু সাধু, প্রস্তা-
বোচিতমেব তাবদুপন্যস্তং ॥

তথাহি—
বৃদ্ধয়া শশ্বদারব্ধ-নিরোধামপি রাধিকাং।
নিরাবাধং সদা সাধু রময়ত্যেষ মাধবঃ ॥ ১৬ ॥

নটীতি। ইহ ঝম্পিতাপি পরিতঃ সমীলতয়া স্ফুটং কঠোরয়া। মধুপেণ ভবতি, লঘুনা মাধবী অনুনীত-স্তবকা ॥ ১৫ ॥

তথাহীতি। বৃদ্ধয়া জটিলয়া। নিরাবাধং নির্ব্বিরোধং ভারতীবৃত্ত্যঙ্কমুখস্যাঙ্গমিদমতিশয়-নাম। তল্লক্ষণং, এষোঽয়মিত্যুপক্ষেপাৎ সূত্রধারপ্রয়োগতঃ। প্রবেশসূচনং যত্র প্রয়োগাতিশয়ো হি স ইতি। এষেতি সূত্রধারপ্রয়োগাৎ। মাধবস্য প্রবেশসূচনমতিশয়ঃ ॥ ১৬ ॥

কঠোর সমীলতাদ্বারা আচ্ছাদিত হইলেও মাধবী কি ক্ষুদ্র ভ্রমর-কর্তৃক অনুনীতস্তবকা হয় না! অর্থাৎ ক্ষুদ্র মধুকর কি মাধবী-গুচ্ছের উপাসনা করে না! ॥ ১৫ ॥

সূত্রধার। (পরিতোষের সহিত) আর্য্যে! সাধু সাধু, প্রস্তা-
বের উপযুক্তই উপন্যাস করিয়াছেন ॥

উক্ত বিষয়ের প্রমাণ যথা—

বৃদ্ধা জটিলা নিরন্তর শ্রীরাধাকে অবরোধ করিয়া রাখিলেও মাধব সর্ব্বদা সুন্দররূপে তাঁহার সহিত বিহার করিয়া থাকেন ॥ ১৬ ॥

(ইতি নিষ্ক্রান্তৌ) ॥

(ততঃ প্রবিশতি মাধবঃ।)

মাধবঃ।

লক্ষ্মীবানিহ দক্ষিণানিলসখঃ সাক্ষান্মধুর্মোদতে-
মাদ্যদ্ভৃঙ্গ-বিহঙ্গহারি বিহসত্যত্রাপি বৃন্দাবনং।
রাধা যদ্যভিসারমত্র কুরুতে সোঽয়ং মহানেব মে
সান্দ্রানন্দবিলাসসিন্ধুলহরী-হিল্লোল-কোলাহলঃ ॥ ১৭ ॥

মাধব ইতি। লক্ষ্মীবানীতি। পুষ্পাঙ্কুরাদিজনকত্বেন পরমশোভাবান্। মাদ্যদ্ভৃঙ্গ-বিহঙ্গৈর্হারি-মনোহারি। অত্রাপি মধৌ বৃন্দাবনং বিহসতি পুষ্পাদি-মিষেণ হাস্যং করোতি। অত্র সময়ে, সোঽয়ং সময়ঃ। সান্দ্রানন্দস্য যো বিলাস-সিন্ধুস্তস্য লহর্য্যা হিল্লোলঃ কল্লোলস্তস্য কোলাহলরূপো ভবতি, পরমসুখদায়ী-ত্যর্থঃ। বিশেষ-নাম নাটকভূষণমিদং। তল্লক্ষণং, সিদ্ধান্ বহূন্ প্রধানর্থানুক্ত্বা যত্র প্রযুজ্যতে। বিশেষযুক্তং বচনং বিজ্ঞেয়ং তদ্বিশেষণমিতি। অত্র প্রসিদ্ধা-ন্মধু-বৃন্দাবনাদীনুক্ত্বা রাধাভিসারস্য বৈশিষ্ট্যাদ্বিশেষণং ॥ ১৭ ॥

(এই বলিয়া উভয়ের প্রস্থান) ॥

(অনন্তর মাধবের প্রবেশ।)

মাধব।

আহা! এ স্থলে দক্ষিণ-বায়ুসহকারে পরম শোভাশালি বসন্ত-ঋতু বিরাজ করিতেছে এবং মদমত্ত ভৃঙ্গ-বিহঙ্গগণে মনোহর বৃন্দাবন হাসিতেছে, এখন যদি এ স্থানে শ্রীরাধা অভিসার করেন, তাহা হইলে আমার নিবিড় আনন্দ-বিলাস সমুদ্রলহরী-হিল্লোলের সুমহৎ কোলাহল হইবে ॥ ১৭ ॥

মধুমঙ্গলঃ। (বিহস্য) হী হী দাসীএ পুত্তএহিং স্থরিন্দপুরী ভণ্ডেহিং দুদিঅ মে পিঅবঅস্‌সো পচ্চক্‌খীকিদো॥

উদ্ধবঃ। (স চমৎকারং।)

নবমুরলি-মরালীহারি-হস্তারবিন্দঃ
কবলিত-কুরুবিন্দচ্ছায় গুঞ্জাদ্ভুতশ্রীঃ।
মৃদুল-পবন-চঞ্চৎ-পিঞ্ছচূড়াঞ্চলোঽয়ং
মদয়তি হৃদয়ং মে শ্যামিকানাং বিলাসঃ॥ ১৮॥

কৃষ্ণঃ। (সৌৎসুক্যং রোমাঞ্চমুন্মীল্য।)

মধু ইতি। হী হী আশ্চর্য্যমাশ্চর্য্যং! দাস্যাঃ পুত্রৈঃ সুরেন্দ্রপুরী ভণ্ডৈঃ দ্বিতীয়ো মে প্রিয়বয়স্যঃ প্রত্যক্ষীকৃতঃ॥

উদ্ধব ইতি। কবলিতা কুরুবিন্দস্য পদ্মরাগমণেশ্ছায়া কান্তির্যয়া তয়া অদ্ভুতা শ্রীর্যস্য সঃ। শ্যামিকানাং শ্যামলানাং॥ ১৮॥

মধুমঙ্গল। (হাস্য করিয়া) হী হী কি আশ্চর্য্য কি আশ্চর্য্য! দেবেন্দ্রপুরী ভণ্ড-দাসীপুত্রগণ সহ আমার দ্বিতীয় বয়স্য প্রত্যক্ষ হইল॥

উদ্ধব। (চমৎকারের সহিত।)

যিনি হস্তপদ্মে হংসহারি-নবমুরলী ধারণ করিয়াছেন, যাঁহার পদ্মরাগমণি-শোভা-জয়িগুঞ্জাদ্বারা অদ্ভুত শ্রী প্রকাশ পাইতেছে এবং যাঁহার সুমন্দ পবনসহকারে ময়ূরপুচ্ছের চূড়াঞ্চল চঞ্চল হইতেছে, সেই শ্যামবর্ণ-সকলের বিলাস আমার মনকে আনন্দিত করিতে লাগিল॥ ১৮॥

শ্রীকৃষ্ণ। (ঔৎসুক্যের সহিত রোমাঞ্চিত হইয়া।)

উদীর্ণাদ্ভুতমাধুরী-পরিমলস্যাভীরলীলস্য মে
দ্বৈতং হন্ত ! সমক্ষ যন্মুহুরসৌ চিত্রীয়তে চারণঃ।
চেতঃ কেলিকুতূহলোত্তরলিতং সদ্যঃ সখে ! মামকং
যস্য প্রেক্ষ্য স্বরূপতাং ব্রজবধূ-সারূপ্যমন্বিষ্যতি ॥ ১৯ ॥
তদদ্য ভবন্তং পৃচ্ছামি কথমনেনাবিষ্কৃতা
মমাপি মনোহারিণী সা কাপি রূপচন্দ্রিকা ॥

উদ্ধবঃ। দেব ! ভবদ্ভক্তিপ্রভাবসম্ভাবিতোঽয়ং দেবর্ষেরেব সেবাপরিপাটী-বিবর্ত্তঃ ॥

কৃষ্ণ ইতি। উদ্গীর্ণেতি। উদিতোঽদ্ভুতমাধুরীণাং পরিমলো যত্র স তস্য। অভিপ্রায়-নাম নাটকভূষণমিদং। তল্লক্ষণং, অভিপ্রায়স্বভূতার্থো হৃদ্যঃ সাম্যেন কল্পিতঃ। অভিপ্রায়ং পরে প্রাহুর্মমতাং হৃদ্য বস্তুনীতি। অংশভূতার্থরূপস্য ভগবদ্দ্বিতীয়স্য নাটককল্পনমভিপ্রায়ঃ। হৃদ্য বস্তুনি সৌন্দর্য্যে ভোগেচ্ছয়া মম তাবদভিপ্রায়ঃ ॥ ১৯ ॥

আহা ! এই নট আমার পরমাদ্ভুত মাধুর্য্যবিশিষ্ট গোপ-লীলাশালি দ্বিতীয় মূর্ত্তি প্রদর্শন করিয়া আমাকে মুহুর্মুহুঃ বিস্মিত করিতে লাগিল, কি আশ্চর্য্য ! হে সখে ! যে সারূপ্য অবলোকন করিয়া আমার চিত্ত কেলিকতূহলে উত্তরলিত হইয়া ব্রজবধূ শ্রীরাধার সারূপ্য অন্বেষণ করিতেছে অর্থাৎ শ্রীরাধার মূর্ত্তি ধারণ করিতে অভিলাষী হইতেছে ॥ ১৯ ॥

সখে ! তাই আজ আমি তোমাকে জিজ্ঞাসা করি, কি প্রকারে এই নট আমারও মনোহারিণীরূপচন্দ্রিকা প্রকাশ করিল ? ॥

কৃষ্ণঃ। (সাশ্চর্য্যং।)

প্রপদ্য নটতাং নটন্ কিময়মস্মি রঙ্গস্থলে
সম্ভথ সদস্যতাং কিমুপলভ্য পশ্যামি বা।
ইতি স্ফুটবিনির্ণয়ে কিমপি সন্নিধানং পুরঃ
সমীক্ষ্য পরমাদ্ভূতং নিমিষমপ্যহং ন ক্ষমঃ॥ ২০ ॥

মাধবঃ।

মতিরঘূর্ণত সার্দ্ধমলিব্রজৈ-
র্ধৃতিরভূন্মধুভিঃ সহ বিচ্যুতা।

কৃষ্ণ ইতি। প্রাপ্য নটরূপতাং সদস্যতাং সভাসদতাং॥ ২০ ॥

মাধব ইতি। মতিরিত্যাদি। সহোক্তি-নামালঙ্কারঃ। সা সহোক্তিঃ পরার্থস্য বলাদেকং দ্বিবাচকমিতি। পদোচ্চয়-নাম নাটকভূষণমিদং। বঞ্চনাঞ্চ প্রযুক্তানাং পদানাং বহুভিঃ পদৈঃ। উচ্চয়ঃ সদৃশার্থো যঃ সবিজ্ঞেয়ঃ প্রদোচ্চয়

উদ্ধব। দেব! ইহা আপনার ভক্তিপ্রভাব-সম্ভাবিত এবং দেবর্ষি নারদেরও সেবার পরিণামমাত্র॥

শ্রীকৃষ্ণ। (আশ্চর্য্যের সহিত।)

আমি কি এই রঙ্গস্থলে নট স্বরূপ হইয়া অভিনয় করিতেছি! না সভাস্থলে সভ্য হইয়া দর্শক হইয়াছি! এতদুভয় নিরূপণ করিতে উপস্থিত হইয়া পরমাদ্ভুত বেশ-রচনা নিরীক্ষণ করতঃ চক্ষুর নিমিষ নিক্ষেপ করিতেও সমর্থ হইতেছিনা॥ ২০ ॥

মাধব।

হায়! প্রিয়তমা-বিয়োগি আমার মতি মধুকর-নিকরের

ব্যকসত্তুৎকলিকা-কলিকালিভিঃ
সমমিহ প্রিয়য়া বিযুতস্য মে ॥ ২১ ॥
তদিদানীং বেণুগীতসংজ্ঞয়া ললিতামভ্যর্থয়িষ্যে ॥
(ইত্যধরে বেণুং বিন্যস্য।)
অক্ষোর্বন্ধুং হরিহয়-হরিন্নাগরি! রাগারক্তাং
রাগেণাবিষ্কুরু গুরুরুচং ভানবীয়াং নবীনাং।
চক্রাভিখ্যঃ কিমপি বিরহাদাকুলঃ কাকু-লক্ষং
কুর্ব্বন্ মুখ্যস্ত্বয়ি স বয়সামর্থিভাবং তনোতি ॥ ২২ ॥

ইতি। অত্র মত্যাদীনাং ঘূর্ণাদি-ক্রিয়াসু অলিব্রজাদিভিঃ সমাবেশাদয়ং পদোচ্চয়ঃ ॥ ২১ ॥

তদানীমিতি। সংজ্ঞয়া সঙ্কেতেন ॥

অক্ষোরিত্যাদি-পদ্যং বিদিতবান্। হরিহয় ইন্দ্রস্তস্য হরিৎ দিক্ সৈব নাগরী তস্যাঃ সম্বোধনং। পক্ষে পূর্ব্বদিশো নাগরি ললিতে! রাগেণ বিক্তাং ভানবীয়াং গুরুরুচমাবিষ্কুরু। পক্ষে ভানবীয়াং রাধাং। চক্রাভিখ্যশ্চক্রবাকঃ। পক্ষে চক্রী। স চক্রাভিখ্যো বয়সাং পক্ষিণাং মুখ্যঃ। পক্ষে বয়সাং সখীনাং মুখ্যঃ ॥ ২২ ॥

সহিত ঘূর্ণিত, মধুক্ষরণ সহ ধৈর্য্য স্খলিত এবং পুষ্পকলিকার সহিত উৎকণ্ঠা বিকসিত হইতে লাগিল! ॥ ২১ ॥

তবে এখন বেণুগীত-সঙ্কেতদ্বারা ললিতার অভ্যর্থনা করি ॥

(এই বলিয়া অধরে বেণুবিন্যাসপূর্ব্বক।)

অহে পূর্ব্বদিক্‌রূপা নাগরি! শীঘ্র তুমি অনুরক্ত হইয়া নয়নবন্ধু সূর্য্যদেবের অভিনব-গুরুতর কান্তি আবিস্কার কর, দেখ এই মুখ্য চক্রবাক কোন অনির্ব্বচনীয় বিরহহেতু আকুল

কৃষ্ণঃ। (স কৌতুকং) কিমশক্যং দেবর্ষিপ্রসাদস্য যেনায়
মনন্য বেদ্যামপি মদন্তরীণচর্য্যাং বিবৃণোতি ॥
মাধবঃ। (সহর্ষং) কথং নাতিদূরে মনোহরিণহারিণী সৈবেয়ং
মঞ্জুমঞ্জীরসিঞ্জিত-কাকলী তদহং মাধবীমণ্ডপং প্রবিশামি ॥
(ইতি নিষ্ক্রান্তঃ) ॥
(ততঃ প্রবিশতি ললিতয়ানুগম্যমানা রাধা।)
রাধা। (সৌৎসুক্যং পুরো দৃষ্ট্বা) হলা ললিদে! পেক্খ
পেক্খ, ধণ্ণা এসা তরঙ্গলেহা জা ক্খু সেবালবল্লী ণিবদ্ধ-

কৃষ্ণ ইতি। মদন্তরিণর্য্যাং মদন্তঃকরণবৃত্তিং ॥
রাধেতি। সখি ললিতে! পশ্য পশ্য, ধন্যা এষা তরঙ্গলেখা যা খলু শৈবাল-

হইয়া তোমাতে লক্ষ লক্ষ কাকুবিধানপূর্ব্বক বয়স্যগণমধ্যে
যাচকভাব বিস্তার করিতেছে ॥ ২২ ॥
শ্রীকৃষ্ণ। (কৌতুকের সহিত) দেবর্ষিপ্রসাদের অসাধ্য কি ?
যেহেতু আমার অন্তকরণের বৃত্তি অন্যের দুর্ব্বোধ্য হই-
লেও এই মাধব নট তাহা প্রকাশ করিল ॥
মাধব। (হর্ষের সহিত) আহা! ঐ কি অনতিদূরে মনো-
হরিণহারিণী সেই মধুর-মঞ্জীর-কাকলী! অর্থাৎ নূপুর-
ধ্বনি! তবে আমি মাধবীমণ্ডপে গিয়া প্রবেশ করি ॥
(এই বলিয়া প্রস্থান) ॥
(অনন্তর ললিতার সহিত শ্রীরাধার প্রবেশ।)
শ্রীরাধা। (ঔৎসুক্যের সহিত অগ্রে দৃষ্টিপাত করিয়া) সখি
ললিতে! দেখ দেখ, এই তরঙ্গশ্রেণীই ধন্য, যে তরঙ্গমালা

পাঅং ণং হংসিঅং মোআবেদি, তা ফুড়ং ভিসিণী-পত্তন্ত-
রিদেণ কলহংসেণ সংঘড়ইস্সদি ॥

ললিতা। (স্মিত্বা) ভো হংসি! হংসবইণো পক্খবাদেণ
চেঅ উদ্ধুরা এসা তুমং কড্ঢদি উম্মিমালী, তা বিসদ্ধা
কন্তং অহিসর ॥

কৃষ্ণঃ। (সোৎকণ্ঠং।)

উচ্চৈরভূদননুভূতচরী দশা মে
যস্যাশ্চিরেণ বিরহজ্বর-জর্জ্জরস্য।

লতা-নিবদ্ধপাদামেনাং হংসিকাং হংসপত্নীং মোচয়তি, তস্মাৎ স্ফুটং বিসিনী-
পত্রান্তরিতেন কলহংসেন ঘটয়িষ্যতি। প্রথমাতিশয়োক্ত্যলঙ্কারোঽয়ং তরঙ্গ-
লেখা উৎকণ্ঠা। শৈবালবল্লী জটিলা। হংসিকাং রাধাং। বিসিনী-পত্রান্তরি-
তেন মাধবীমণ্ডপান্তরিতেন। কলহংসেন মাধবনেতি ব্যঙ্গোঽর্থো জ্ঞেয়ঃ ॥

ললিতেতি। ভো হংসি! হংসপতেঃ পক্ষে কৃষ্ণস্য পক্ষপাতেন উদ্ধুরা এষা
ত্বাং কর্ষতি। উর্ম্ম্যালী তৎ বিশ্বস্তা কান্তং অভিসর ॥

কৃষ্ণ ইতি। উচ্চৈরিতি। অননুভূতচরী পূর্ব্বমননুভূতা। সা কিমিয়মাবি-

---

শৈবালদ্বারা বদ্ধচরণা হংসীকে মুক্ত করিয়া দিতেছে, অত-
এব বোধ হয়, পদ্মিনীপত্রান্তরিত কলহংসের সহিত ইহার
সঙ্ঘটন করিবে ॥

ললিতা। (হাস্য করিয়া) হে হংসি! হংসপতির পক্ষপাত-
বশতই এই উদ্ধত-স্বভাবা তরঙ্গমালা তোমাকে আকর্ষণ
করিতেছে, অতএব তুমি বিশ্বাসসহকারে কান্তের প্রতি
অভিসার কর ॥

শ্রীকৃষ্ণ। (উৎকণ্ঠার সহিত।)

সা হন্ত ! নেয়মিয়মামিয়মাবিরাসী-
স্মচ্চিত্ত-হংসসরসী সরসীরুহাক্ষী ॥ ২৩ ॥
(ইতি সিংহাসনাদুত্থায় ভুজাভ্যাং গ্রহীতুং পরিক্রামতি) ॥

উদ্ধবঃ। দেব ! নাট্যপ্রণীতোঽয়মর্থঃ ॥

কৃষ্ণঃ। (স ধৈর্য্যং লজ্জামভিনীয়।)
সা বক্ত্রশ্রীর্বিরমিত-শরচ্চন্দ্র-নান্দীতবাসৌ
সেয়ং দৃষ্টির্মদকল-মৃগীমৃগ্য-মাধুর্য্যকেলিঃ।

রাসীৎ। ইয়ং কিং সাবিরাসীৎ অভিতি স্মৃতৌ। স্মৃতং স্মৃতং সা সা ইয়মিয়মাবিরাসীদিত্যর্থঃ। দৃঢ়নিশ্চয়ার্থং বীপ্সা ॥ ২৩ ॥

কৃষ্ণ ইতি। সাসৌ বক্ত্রশ্রীঃ। সেয়ং দৃষ্টিঃ। সৈষা ভ্রূঃ। ইয়ং গান্ধর্ব্বী

আহা ! যে শ্রীরাধার চির-বিরহজ্বরে জর্জ্জরিত, আমার এই গুরুতর অননুভূত পূর্ব্বদশা উপস্থিত হইয়াছে। হায় ! সেই এই সেই এই মদীয় চিত্ত হংসের সরোবর-সদৃশী পদ্মাক্ষী আবির্ভূত হইলেন ॥ ২৩ ॥

